কাজেই আমি এখানে আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী বসে আছেন-তিনি কমী লোক, তাঁর দুর্ভিট আকর্ষণ কর্রাছ যাতে করে আমাদের পশ্চিম বাংলায় পঞ্চায়তের সত্যিকারের যে রূপ তা তিনি যেন দান করেন এবং আজকে তিনি অণ্ডল পণ্ডায়ত কার্যত যা পরোতন ইউনিয়ন বোর্ড তাছের বিলোপ সাধন কর্ন, যাতে গণতন্ত্র কায়েম হয় এবং জনগণ নিজেরা ক্ষমতা পরিচালনা করছে পারেন তার সুযোগ-সুবিধা যেন তিনি দেন। তার পরে আমি প্রাথমিক শিক্ষা সম্পর্কে দুই-একটা কথা নিবেদন করব। আমি সহর অঞ্চলের কথাই বলব। সহর অঞ্চলে এখন প্রাথমিক শিক্ষা বাধাতাম লক হয় নি। এখানে মিউনিসিপ্যালিটির হাতে শিক্ষার বাবস্থা আছে। **বাদিও** গ্রিটানিসিপ্যালিটিগুর্লি এ সম্পর্কে কোন বাবস্থা গ্রহণ করেন নি। আমাদের শিক্ষামন্ত্রী মহা**শ্র** সেদিন পরিষদ কক্ষে বলেছেন যে তাদের বারম্বার অনুরোধ সত্তেও তারা এ সম্পর্কে কোন বাবস্থা নিচ্ছেন না। আমি মনে করি মিউনিসিপ্যালিটিগুলি যদি দায়িত্ব গ্রহণ না করেন তাহলে সরকা**রকে** मारिष् धर्म कर्द्रा रहि किन्तुकाल भूति म शाम्बी मराम्य स मस्मालन आर्वान कर्द्राष्ट्रिलन সেখানে আরবান এডকেশন বোর্ড গঠনের কথা উঠেছিল, আমি মনে করি যদি প্রয়োজন হয় তাহ**লে** অবিলদেব আরবান এডকেশন বোর্ড গঠন করা হউক কিম্বা গভর্নমেন্ট নিজের হাতে ক্ষমতা নিষ্কে হউক অবিলম্বে প্রাথমিক শিক্ষা বাধাতামূলক করা হউক। মিউনিসিপ্যালিটির উপর নির্ভার করে কিন্তা দোষারোপ করে কোন ব্যবস্থা গ্রহণ না করা আর সমীচীন হবে বলে মনে করি না পার্থামক শিক্ষকদের বেতন ব্রাদ্ধর যে প্রস্তাব সে প্রস্তাব এখন কার্যকরী করা হয় নি। মা**ধ্যামক** শিক্ষকদের জন্য একটা বিবরণ বেরিয়েছে কিন্তু প্রাথমিক শিক্ষকদের স্বন্ধে কোন বিবরণ আৰু পর্যন্ত বের হয় নি। আমি মনে করি মার্চ মাসের মধ্যে যে বৃদ্ধি বেতনের কথা বলা হয়েছে তা যাতে দেওয়া হয় সে সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয় আশাকরি ব্যবস্থা গ্রহণ করবেন। তার পরে দকলবাড়ী সম্পর্কে দুই-একটা কথা বলব। পল্লী অঞ্চলে যা প্রাথমিক শিক্ষা ভবন আছে আ**জ** ১৫ বছর পরেও শতকরা ৯৫টা গ্রামে প্রাকটিকালি কোন স্কুল গৃহ নাই। অধিকাংশ জাম্ব**গার** একচালা ঘর তাতে আবার দরজা জানলা নেই। বছর বছর লক্ষ লক্ষ টাকার ইকুইপমেন্ট বা সর্ব্ধাম দেওয়া হয় সেগালি স্কলে রাখা হয় না, হয় প্রধান শিক্ষক মহাশয়ের বাডীতে না হয় স্কলের সম্পাদকদের বাড়ীতে থাকে, এতে ছেলেরা ঠিকমত বাবহার করতে পারে না। সেইজন্য **আমি** বলব প্রত্যেক স্কলে মালটিপারপাস স্কলের মত প্রত্যেক গ্রামে যাতে করে পাকা স্কল গৃহ হয় সেজনা ফেজ প্রোগ্রাম নেবার জনা অনুরোধ করছি। এবং এর সঙ্গে আাডাল্ট এডকেশন হতে পারে। তারপর গ্রামের লাইরের রি কথা বল ছে। সোস্যাল এডুকেশন-এর স্কীমের ভিত**রে** রুরাল লাইব্রেরীর জনা যে সমস্ত টাকা গ হানির্মাণের জন্য দেওয়া হয় এবং আাডাল্ট এডুকেশন-এর জনা বহু, অর্থবায় হয়, তার কিয়দংশ নিয়ে এবং প্রাথমিক শিক্ষাখাতের কিছু, টাকা নিয়ে ১০ বছর কিন্তা ১৫ বছরের একটা ফেব্রু প্রোগ্রাম নিয়ে কমিউনিটি ডেভেলপমেন্টের সাহাষ্য নিয়ে সব গ্রামে একটা করে পাকা স্কুল গৃহ যাতে হতে পারে তার ব্যবস্থা গ্রহণ করতে আমি অনুরোধ কর্বাছ। আরেকটা বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দ্ভিট আকর্ষণ করতে চাই। গ্রন্থাগারের জনা সরকার বহু টাকা বায় করছেন কিন্তু এই গ্রন্থাগার পরিচালনার কোন স্কুট্র বাবস্থা নাই। আমি অনুরোধ করব যাতে লাইরেরী আন্ত প্রণয়ন করেন। এই কয়েকটা কথা বলে আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে বিদায় নিচ্ছি।

### Shri Annada Prosad Choudhuri:

স্থাননীয় সভাপতি মহাশয়, পশ্চিমবংগ রাজ্যে আগামী বছরের বাজেট সম্বন্ধে কিছু, বলতে গেলে যে সময়ের প্রয়োজন সেই সময় আমাদের নাই। সেজন্য আমি প্রধান প্রধান কয়েকটা বিষয়ে আমার ৰুৱা সংক্ষেপে বলব। আমাদের খাদ্য সমস্যা এবং বেকার সমস্যা যে অত্যন্ত গরেতের এবং এটা বে জাতীয় সমস্যা সে বিষয়ে কারও মতভেদ নেই। খাদ্য সমস্যার কথা বলতে গেলে কৃষি সমস্যার কথাই প্রধানভাবে বলতে হয়। আমাদের অধিকাংশ জমিই এক ফসলা। এবং এতে প্রতি বিষয়ে ৪-৫ আৰু বেশী ফলন হয় না। এবং তার ফলে কৃষকের সারা বছর কাজ থাকে না। এই জমিগ্রলিতে যদি আরেকবার ফসল ফলান যায় তাহলে শুধু যে খাদ্যশস্যের পরিমাণ বাডতে পারে তা নয়. দেশের লোকের কর্মসংস্থানও বহুলাংশে হতে পারে। কিন্ত আমাদের এই বছরের বাজেটে ৭ কোটি ৭০ **জ্বক টাকা** কৃষি বিভাগের জন্য বরান্দ করা হয়েছে। বড় বড় পরিকল্পনার ন্বারা যে সব ব্যবস্থা क्या करक जात न्याता अभश प्रताम कलात्रा कता अन्जय करत ना वरण शंजन समय भारति के विद्यानन স্পোদ্ধামের বাবস্থা করেছেন। কিন্ত দেখছি মাইনর ইরিগেশন প্রোগ্রামের জন্য ডিপ টিউব-अद्यादम गठ বছর বরান্দ করা হর্মেছিল ২০ লক্ষ টাকা। কিন্তু কি কারণে জানি না ৪ লক্ষের **कम ∙० लक्क ৯**० राष्ट्रात प्रोका—त्रिভाইष्डण वास्त्रात्वे धता राह्यात्वे वर व्याशामी वष्टातत क्रमा मात 🗴 स्नक्क होका धता शराह । এই ২০ लक्क होका रकन कम कता रूल এবং ८ लक्क होका रकन করা হর্মেছিল সেই কাজ যে গতিতে অগ্রসর হচ্ছে তাতে এই বছরে রিভাইজড বাজেটে ৩ লক্ষ ৯৭ হাজার টাকা ধরা হয়েছে। আমি জানি যে, একটা ৫০-৬০ হাজার টাকায় করা ডিপ টিউব-ওয়েল নদ্র হতে চলেছে। ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে প্রধানমন্ত্রী মহাশয়কে লেখার ফলে কৃষি বিভাগ থেকে আমাকে জানান হয় যে আমাদের মহকুমায় একটা ডিপ টিউব-ওয়েল পরীক্ষামূলক-ভাবে খননে প্রচর জল পাওয়া গেছে। সে রিপোর্ট আমি পাই ১৯৬০ সালের নভেম্বর মাসে। কৈন্ত যে টিউব-ওয়েল সাক্সেসফলে হয়েছে তাতে শর্নছি নাকি ঘণ্টায় ২২ হাজার গালন জল ওঠে, সেটা বন্ধ হয়ে আছে। গত বছর এপ্রিল মাসে টেকনিক্যাল কো-অপারেশন মিশন ইউ এস 🛥-এব একজন ইবিগেশন ইঞ্জিনীয়ার প্রফেসার এভারেট ডেভিস সেইসব দেখে গভর্নমেন্টের **জ্বতা**রের ভারপ্রাত্ত কর্তার কাছে লেখেন যে ইলেকট্রিসিটি না আসা পর্যন্ত এইরকমভাবে টিউব-🗝 বেল পড়ে থাকলে তার ফিলটার নন্ট হয়ে যাবে। এথানে একটা ডিজেল ইঞ্জিন-এর টারবাইন পাদ্প বসিয়ে এর থেকে যদি জলসেচের বাবস্থা করা হয় তাহলে শুধু যে এই অণ্ডলে খাদাশস্যের **छेर**शामन द्वरा यादव जा नम् हिडेव-खरानहो। दव'रह यादव। ६०-५० शाकात होका अतह এ ইণ্ডি ডাইমিটার-এর ডিপ টিউব-ওয়েল আমাদের ঘাটাল মহক্মায় কাঁচিয়া গ্রামে হয়েছে, তা এখনও কাজে লাগান হয় নি। এইভাবে তার ফিলটার চোকড হয়ে যাবে এবং সেটা ৰুষ্ট হয়ে যাবে। ডিপ টিউব-ওয়েলের জন্য রিভাইজড এস্টিমেটে ৩ লক্ষ্ণ ৯৭ হাজার টাকা ধরা হয়েছে এবং আগামী বছরে ৪ লক্ষ টাকা ধরা যে হয়েছে তাতে আমি বলি যে. এইসব দিকে যদি **২০** বা দেওয়া হয় তাহলে যে টিউব-ওয়েল করা হবে তা কার্যকরী হবে না এবং তার দ্বারা **ফল পাও**য়া যাবে না। এর পর মাইনর ইরিগেশন স্কীম সম্বন্ধে কিছ, বলব। এই স্কীমে ট্যাঙ্ক ইমপ্রভুমেন্ট একটা কাজ। গত বছর ১৮ লক্ষ টাকা বরান্দ হর্মেছল, রিভাইজড এন্টিমেট-এ দেখা শোছে ১২ লক্ষ ৯৭ হাজার টাকা আছে। অর্থাৎ ২৫ শতাংশ কমে গেছে। কিল্ড এই কাজ চালাবার জনা যে কর্মচারী আছে তাদের মাইনে কিল্ড ঠিক আছে সে কিল্ড ৭৫ শতাংশ হয় নি। কাজেই যে ৭৫ শতাংশ হয়েছে তাও ঠিক হয় নি হয়ত কাজ ৪০-৫০ শতাংশ হতে পারে। ১০০ **স্বতাংশ বেতন কর্মচারীদের বিভাইজড এস্টিমেট-এ ১১ লক্ষ ১৭ হাজার টাকা থেকেই দেও**য়া হবে।

তারপর এ সম্বন্ধে আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলবো—ঘাটাল মহকুমার আমি করেকটি পর্কুর কাটবার পরিকল্পনা দিই ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে, সেটা পরীক্ষা হল. আমার কাছে কালেক্টর লিথে পাঠালেন ১৯৬১ সালে সেপ্টেম্বর মাসে, হাঁ, এটা আমরা পাঠিয়ে দিলাম গভর্নমেন্ট-এর কাছে কমিশনার মারফত। কিন্তু আজ পর্যন্ত কিছু হল না। খোঁজ করে করে দেখলাম যে না, গভর্নমেন্ট রিদিও ১৯৬১ সালের সেপ্টেম্বর মাসে অগাডমিনিস্টেটিভ স্যাংশন দিয়ে অমাকে জানালেন, তা কিন্তু কাজে পরিগত হল না, এখনও হচ্ছে না। তার পর

একটা ডিস্ট্রিক্ট লেভেল-এ কমিটি আপেরেন্ট করা হয়েছে, সেই কমিটি নাকি গভনমেন্ট-এর আার্ডার্মানস্টেটিভ স্যাংশন, রাইটার্স বিশ্ভিংস থেকে দেওয়া হলেও সে রিপোর্ট আবার দেখে ধরচ কত হবে, কি উপকার হবে, তার বিবরণ জেনে, সেই ডিস্ট্রিক্ট কমিটি আবার স্কর্টানি করবে। আমি ব্রুতে পারি না, একে জিজ্ঞাসা করি. ওকে জিজ্ঞাসা করি গভনমেন্ট যেটা স্যাংশন করলেন সেটা আবার ডিস্ট্রিক্ট লেভেল-এ যার চেয়ারম্যান এ ডি এম সেই কমিটি স্কর্টিনাইজ করবে এটা কেমন কথা? হয়ত কয়েকদিন পর বলবেন পণ্ডায়েত লেভেল-এ একটা কমিটি করা হবে সেখানে হয়ত তারা গভনমেন্ট যে স্যাংশন দিয়েছে. বা ডিস্ট্রিক্ট কমিটি যা করেছে তা স্কর্টিনাইজ করবে এরকম যদি হয় তাহলে জলসেচের বাবস্থা করে খাদ্য উৎপাদন করা যাবে না এবং এই প্রকারে ১৮ লক্ষ্ক টাকার জায়গায় এ বছর আবার ১৯ লক্ষ্ক টাকা বরান্দ করা হয়েছে—এ টাকা হয় ত কর্মচারী প্রতিপালনের জন্যই খরচ হবে। জলসেচের জন্য যে পর্কুর কাটান তা সম্ভবপর হবে না।

আর একটা কথা বলব স্যার, স্বাস্থ্য সম্বন্ধে। হেলথ সেন্টার স্থাপন করা ১৯৪৭-৪৮ সালের শেষের দিকে ঠিক হয়েছিল। তখন বাংলাদেশের ১৩টি জেলার ১৩টি থানায় এবং মেদিনীপরে জেলা বড বলে সেই জেলায় দুটি থানায় প্রত্যেক ইউনিয়ন-এ স্থাপন করার সিম্ধান্ত গ্রহণ করা হয়। কিল্ড আজ পর্যন্ত চন্দ্রকোণা থানায় যা সাবাস্ত করা হয়েছিল, তাতে এখনও দুটি ্য ইউনিয়নের লোকেরা যদিও টাকা দিয়েছে. জমি দিয়েছে তথাপি সেখানে স্থাপন করা হবে কিনা শর্নি নি। এক জারগায় নাকি হেলথ ডাইরেক্টরেট ঠিক করেন আবার কংগ্রেস এম এল এ গিয়ে সে জায়গা বদল করার চেষ্টা করেন, ফলে সেই দুইটি ইউনিয়নের কোন জায়গায় আজ পর্যক্ত হেলথ সেন্টার স্থাপন করা হয় নি। আমি অনুরোধ করি স্বাস্থা মন্দ্রী মহাশয় একট্র খোঁজ করে দেখন এ সম্বন্ধে চন্দ্রকোণা থানার ৯নং ইউনিয়ন এবং ৮নং ইউনিয়ন-এ লোকেরা টাকা জন্ম দিয়েছে. অনেক দিন হল, সেখানকার একজন বৃদ্ধের আকাঙক্ষায় কাজ আরম্ভ হয়েছে. দেখে যাবার শ্নে যাবার, কিন্তু কোন কিছ্ব হচ্ছে না। কি অন্ভূত কথা-স্বাস্থামন্ত্রী মহাশয় একট্র খোঁজ করলে সুখী হবো। রামজীবনপুর একটি মিউনিসিপ্যালিটি—চন্দ্রকোণা থানায় এই মিউনি-সিপ্যালিটিতে একটি এবং ১ নন্বর ইউনিয়ন লক্ষ্মীপুরে একটি-এ দুটি মিলিয়ে ক্ষীরপাই মিউনিসিপ্যালিটির সঙ্গে যেমন ৬ নন্বর মাণিককুণ্ডু ইউনয়ন মিলিয়ে একটি হেল্থ সেন্টার ১০ বেড-এর করা হয়েছে সেই নিয়ম অনুসারে রামজীবনপারে একটি ১০ বেড হাসপাতাল হওয়ার জন্য রোগীদের খাট, বেড-সাইড টেবল সব গেল কিন্তু আজ পর্যন্ত ১০টি বেড হয় নি। চার বেডই হয়ে রয়েছে। কিল্তু কোন মন্ত্রীর সাহায্যে বা কোন কংগ্রেস কর্মীর চেণ্টায় যে রামজীবনপরে নাম বদলে গিয়ে, আমি শুনছি রামকৃষ্ণপরে ১০ বেড হয়ে গেছে।

প্রত্যেক ইউনিয়নে যেখানে ৪ বেড করার কথা ছিল সেখানে, একটি ইউনিয়নে ১০ বেড হয়ে গেল কিন্তু যেখানে ১০ বেড করার কথা সেখানে ৪ বেডই রয়ে গেল—১০ বেড হোল না। আমি সেপ্টেম্বর মাসের ১৮ তারিখে ডিরেক্টর অফ হেলথ সার্ভিসের দূর্টিট আকর্ষণ করবার জন্য তাঁকে ব্যক্তিগতভাবে চিঠি লিখে জানতে চাই যে, কোন এক অজ্ঞাত কারণে বা রাজনৈতিক দলের প্রচেষ্টায় আপনার অফিস থেকে রামজীবনপ্রের জায়গায় রামকৃষ্ণপুর লিখে কি ১০ বেড হয়ে গেল। কিন্তু তিনি তার উত্তর দেন নি এবং তারপর ডিসেন্বর মাসের পর যে তাগিদ দিয়েছি তারও উত্তর দেন নি. কাজেই এখন আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে, কোন কেরাণীর দোষে বা কোন কংগ্রেসী নেতার চক্রান্তে রামজীবনপুরের জায়গায় রামকৃষ্ণপুর হয়ে গেছে কিনা সেটা অনুসন্ধান করে দেখন এবং তা যদি সত্য হয় তাহলে এই হেলথ সেণ্টারের জন্য যত লক্ষ্ণ টাকাই আপনারা ব্রাদ্দ কর্ম না কেন তার পরিণতি যে কোথায় গিয়ে পড়বে সেটা একবার ভেবে দেখন। সারে রামজীবনপ্রের জায়গায় রামকৃষ্ণপুর লেখা হয়েছে কি না এটা খোঁজ করে দেখবার জন্য ডিরেক্টর অব হেলথ সার্ভিসকে বলা সত্ত্বেও যথন তিনি তার কোন উত্তর দেন নি তখন আমার আশুকা হয় যে, সত্যিসত্তিই সেখানে কিছ, গোলমাল আছে। কাজেই মন্দ্রী মহাশয় যখন এখানে উপস্থিত আছেন তথন যদি তিনি এই ব্যাপারটা অনুসন্ধান করে দেখেন তাহলে আমি খুসী হব। এই র্কম বদি হয় তাহলে হেলথ সেন্টারের জন্য যে খরচ হচ্ছে তার কি গতি হবে সেটা একবার ভেবে দেখন।

তারপর, হেলথ ডিপার্টমেন্টের করাপসন সম্বন্ধে শশাংকবাব, বলেছেন যে, শৃথ্য শুষধ বিক্রীর ব্যাপারেই করাপসন নয়, বড় বড় ডাক্তার যারা হর্সাপিটাল অ্যাটেন্ড করেন তাঁদের র্যোদন আউটডোর ডিউটি থাকে তার আগের দিন তাঁদের চেম্বারে নিয়ে ১৬।৩২ টাকা করে দক্ষিণা দিয়ে হর্সাপিটালাইজেসন অ্যাডভাইজড এই প্রেসক্রিপসন লিখিয়ে নেয় এবং তারপর দিন সে হর্সাপিটালে গেলে তাকে কিছ্ক্ষণ বাসয়ে রেখে তারপর ভর্তি করে নেওয়া হয়। এটা কি ঔষধ চুরি থেকে কম করাপসন লাজেই এই সব যদি অন্সাধান করেন তাহলে আমি খুসী হব।

মিউনিসিপ্যালিটি সম্বন্ধে যদিও এখানে অনেক কথা হয়েছে তবে আমি বলতে চাই যে বংলা-দেশের মিউনিসিপ্যালিটির মধ্যে হাওড়া এবং কোলকাতা ছাড়া একমাত্র খঙ্গাপরে মিউনি-সিপ্যালিটিতে ১ লক্ষের মত পপ্লেশন আছে এবং অন্যান্য সব মিউনিসিপ্যালিটিতেই ৫।৬।১০।২০ হাজারের মত পপ্লেশন।

তারপর, এন ই এস রক যা হয়েছে তাতে ঠিক করা হয়েছে যে এর মধ্যে একটা রক ডেভেলপ্রেণ্ট কমিটি হবে কারণ জনপ্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানগ্রলোতে বিকেদ্রীভূত ব্যবস্থা চলেছে, কিন্তু মিউনিসিপ্যালিটির প্রতিনিধিরা ঐ রক ডেভেলপমেন্ট কমিটিতে নেই। র্রাল পঞ্চায়েতের প্রতিনিধি সেখানে আছে এবং শ্ব্ একজনই নয় অনেক সময় ২ জনও থাকে কিন্তু মিউনিসপ্যালিটির একজন প্রতিনিধিও ঐ রক ডেভেলপমেন্ট কমিটিতে নেই। সেদিন একটা মিটিং-এ এ ডি এম ডেভেলপমেন্ট আমাকে বলেছিলেন যে, প্রতিনিধি নাই বা থাকল, কাজ তো হছে। এ যেন ঠিক সেই ইংরেজদের মত কথা হোল- অর্থাৎ ইংরেজরাও তো বলত যে, আমরা টেলিগ্রাফ কর্মেছি, রেল করেছি কাজেই তোমাদের যদি প্রতিনিধি না থাকে তাতে ক্ষতি কি? যাহোক, রক ডেভেলপমেন্ট কমিটিতে পঞ্চায়েতের প্রতিনিধি থাকা সত্তেও যে মিউনিসিপ্যালিটির প্রতিনিধি নেই এটা আমরা দেখতে প্রাচ্ছি।

তারপর যে মিউনিসিপ্যালিটির আলো জ্বালবার ক্ষমতা নেই তাকে আপনারা মিউনি-সিপ্যালিটি বলে আখ্যা দিয়ে থাকেন এবং শিক্ষা সম্বন্ধে বলেছেন যে. ঐ ৫০ শতাংশ খরচ দিতে পারলে কম্পালসরি প্রাইমারী এডকেশন ফ্রি করা হবে। তা ছাড়া মেয়েদের শিক্ষার ব্যবস্থা সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি। মিউনিসিপ্যালিটির ৫০ গজ দরের বাইরে চলে যান সেখানে আমরা মাস্টারদের মাইনে দেব, মেয়েদের শিক্ষা ফ্রি করে দেব। কিন্তু যেহেতু মিউনিসিপার্গলিটির মধ্যে আছে সেহেতু সেখানে হবে না. তাতে যদি মেয়েদের শিক্ষা না হয় তাহলে আমরা কি করব. আমরা আইনে বাঁধা। সেইজন্য আমি বলতে চাই মিউনিসিপ্যালিটি বলে যেসমুহত এলাকা আছে সেখানে যদি এইসব হয় তাহলে তা দূরে করে দিন। কারণ, তারা মোর রুর্যাল দ্যান আরবান। যার ৫।৬।৮ হাজার পপ্লেশন সে আবার মিউনিসিপ্যালিটি কি? তারপর এন ই এস রকে ভিলেজ লেভেলে একজন ওয়ারকার, এক-একটা পণ্ডায়েতে একজন ওয়ারকার, ইউনিয়নে একজন ওয়ারকার। কিন্তু মিউনিসিপ্যালিটিতে নেই। আমাকে লোকে ঠাটা করে বলে সে তো ভিলেজ নয়—তাহলে তাকে বলতে হবে সে ভিলেজ লেভেল ওয়ারকার নয়, টাউন লেভেল ওয়ারকার এবং টাউন লেভেল ওয়ারকারের প্রভিসান এন ই এস ব্লকে নেই। সেজন্য মিউনিসিপ্যালিটি আর তার নিকটবত ইউনিয়ন পঞ্চায়েত এই দুইটি জুড়ে দিয়ে একটা ভিলেজ লেভেল ওয়ারকার কাজেই এইসব বিষয়ে যাতে সুষ্ঠা, বাবস্থা হয় বিশেষ করে এই সমস্ত ছোট ছোট মিউনিসিপ্যা-লিটির ক্ষেত্রে সেই বিষয়ে আমি সরকারের দূর্ণিট আকর্ষণ কর্রাছ। আর একটা কথা বলে আমি আমার বস্তব্য শেষ করব। বাজেট স্পীচে অর্থামন্ত্রী মহাশয় দ্রতে উন্নয়নের জন্য সকলের সহযোগিতা চেয়েছেন। এই উদারভাব প্রশংসণীয়। কিন্তু আমি তাঁকে বলতে চাই তিনি যাই চান তাঁর সংখ্য যে খুদে মন্ত্রী রয়েছেন তার মধ্যে একজনকে আমি জানি যিনি তাঁকে সাবোটেজ করে দিচ্ছেন। আমি একটা ঘটনা বলে আমার কথা প্রমাণ করব—সেটা হচ্ছে শ্রীমতী <sup>মারা</sup> ব্যানা জির কথা। তিনি আগেও ছিলেন এখনও মন্দ্রী আছেন। তিনি আগ্রহশীল হলেন তার এই রাজ্যে থাদি আর পল্লী শিলেপ কাজ করবার জনা। তিনি থাদি আর পল্লী শিলেপর কমিশনার যিনি ভারপ্রাণ্ড কমী শ্রীযুক্ত ধরজা প্রসাদ সাট-এর সংখ্য একদিন প্রফল্লবাব্র বাস ভবনে চারের টেবিলে বসে আলোচনা করতে চান। তিনি সেখানে থাকেন কিনা জানি না। তবে তিনি চান শীপ্রফল্লবাব্র ওখানে ধনজাবাব্ যাতে আসেন। ধনজাবাব্ আমার বন্ধ্র, আমি সেই বোর্ডের

ক্রম্বার। শ্রীমতী ব্যানাজি একজনকৈ বাবস্থা করতে বললেন—তিনি আমাকে অনুরোধ করলেন হজোবারের যাওয়ার একটা বাবস্থা করতে যাতে বৈকাল ৪টার সময় তিনি একবার মায়া ব্যানাজির সালা দেখা করেন। আমি ধ্রজাবাব কৈ জিজ্ঞাসা করলাম তিনি বললেন আচ্চা ঠিক আছে। আপ্রনিও যাবেন, আপ্রনি তো খাদি বোর্ডের মেম্বার, আমার সংখ্য যাবেন। আমি বললাম, আমাকে কেউ বলেন নি আমি তাঁকে একবার জিজ্ঞাসা করি, তিনি হাদ বলেন তবে যাবো। আমি। শীঘতী ব্যানাজিকে টেলিফোন করলাম, তবে আমাকে সব কথা তার বলতে সংকোচ বা দ্বিধা হতে পাবে ভেবে আমার নামটা আমি প্রকাশ করি নি। আমি আপুনি চেয়েছেন ধনজাবাব, যাবেন, আপুনি তাঁকে মিশুন রো থেকে নিয়ে নেবার <sub>বাবদ্</sub>থা করবেন। তবে ধনজাবাবরে ইচ্ছা খাদি বোর্ডের মেম্বার অম্নদাপ্রসাদ চৌধুরী কি তাঁর সংখ্যে যেতে পারেন? তিনি বললেন না, সে কি কথা! প্ল্যানিং ক্মিশন আমাদের টাকা দেয়. কংগ্রেস মেম্বাররা কাজ করবেন, তিনি আমাদের বিরুদ্ধ দলের লোক, তিনি কি করে আসবেন! আমি বললাম আচ্ছা ঠিক আছে। তিনি হয়ত জানেন না যে আমি খাদি বোডের মেন্বার। তিনি জানেন না অকংগ্রেসী হলেও সেন্ট্রাল গভর্নমেন্ট সেই বোর্ডের্ণ আমাকে স্থান ্দিয়েছেন। ওয়েস্ট বেঙ্গল স্টেট বার্ড-এর একজন মেস্বার। সেখানে সরকারী লোকেরা আমার পথান অনুমোদন করেছেন, তা না হলে সেখানে পথান হত কিনা সন্দেহ। কিল্ড এই মন্ত্রী জানেন না যে ধরজাপ্রসাদ সাউ-এর সংখ্য যা কথা হবে তা তিনি আমাকে বলতে পারেন, আর আমি তাঁর সংখ্য গেলে এত বড অপাঙ্করেয় হয়ে যাই যে তিনি এ কথা আমার সম্বন্ধে বললেন। যদি এই খুদে মন্তাদের এই রকম মতিগতি হয় তাহলে মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সকলের যে সহযোগিতা চেয়েছেন তা কতদরে অগ্রসর হতে পারে এবং তিনি একা যতটা এগিয়ে যেতে চাইছেন সেটা যদি এইরকম ৩।৪ জন খুদে মন্ত্রী বানচাল করে দেন তাহলে তিনি কোথায় দাঁডাবেন তা বিবেচনা করবেন।

[10-50—11 a.m.]

### Shri Abdul Halim:

মিস্টার চেয়ারম্যান, স্যার, ম্খামন্ত্রী মহাশয় আমাদের সামনে বাজেট পেশ করে যে বিবৃতি দিয়েছেন, আমি তা খ্ব ভালোভাবে পড়েছি। সেই বিবৃতিতে অনেক কিছু আছে রাজস্ব ব্যয়, অন্যান্য খাতে বায়, ম্লধনী খাতে বায় এবং আগামী দিনে বাংলাদেশের যে ন্তন পরিকলপনার জন্য বরান্দ হয়েছে. তার বিশেলবণ আছে। তার এই বিবৃতি হচ্ছে বাজেটের একটা চুন্বক। সব পাওয়া যাবে—টাকা খরচেরও উল্লেখ আছে। অনেক খাতে দেখা গেছে টাকা যা বরান্দ হয়েছে, তা খরচ হয় নাই, কৃষির বাপারে ও অন্যান্য ব্যাপারে। সময়ের অভাবে সব কথা বলবার স্যোগ হবে না। আমি সেই জন্য বলতে চাচ্ছি প্রথমে যে, এবারকার বাজেটে বিশেষ করে কোন ন্তন দ্ভিউভিগ খ্রেজ পাচ্ছি না। গতবার ম্খামন্ত্রী যে কথা বলেছিলেন. এবারও তাই বলেছেন, গতান্গতিক বক্তৃতা তিনি দিয়েছেন। দেশের লোকের উপর ট্যাক্স বসান হবে। দেশের লোকের ট্যাক্স বহন করবার ক্ষমতা আর আছে কিনা আমি জানি না। মতি করভারে প্রপীড়িত তাঁরা, জলের ট্যাক্স ইত্যাদি নানাভাবে ভারাক্রান্ত। ট্যাক্স আরো বসান হবে কি হবে না, তা পরে আমরা বৃত্বতে পারবো।

কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ন্তন পরিকল্পনার জন্য যে টাকা পাবার কথা ছিল, তা সম্পূর্ণ তিনি পাবেন না। এখানকার ন্তন কর সম্পর্কে যে পাওনা ছিল, সেই সম্পর্কে পশ্চিমবঙ্গের যা প্রাপ্য অংশ তা ও তিনি পানিন। সে বিষয়ে তিনি যা করবার করবেন, আমার বলবার কিছু নাই। তবে আমি সংক্ষেপে বলতে চাই, এই বাজেটে সাধারণ মানুষ বা কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত কেরাণী, বেকারদের বাঁচাবার জন্য কোন ব্যবস্থা তিনি করেছেন কিনা সেটা আমাদের বিচার্য বিষয়। ডাঃ রায় বলেছেন হাাঁ আয় আরো বাড়বে, জিনিষের দামও বাড়তে থাকবে, দেশের লোককে আরো কন্ট করতে হবে। এই ৫ বছরে যারা বেকার, আয় স্বম্প তাদের সম্পর্কে হিসেব দিয়ে দেখছি চালের দাম বাড়ছে, মাছ, আলু, তেল এই সমস্ত নিত্য-প্রোজনীয় জিনিষের দাম বেড়েই চলেছে: সেগ্লি মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে, তারা এসব কিনক্তে পারছে না। আগামী ৫ বছরও তাদের বাঁচতে হবে। পল্লীগ্রামের শতকরা ও জন মানুষ কৃষির উপর নির্ভর্নশীল, তাদের মাথাপিছ, আয় ২১ টাকা: এখানে শতকরা

২৫ জন কৃষিমজ্বর: তাদের মাথাপিছ, আয় ১২ টাকা। আর কলকাতা সহরে শতকরা ৩০ ভাগ লোকের মাথাপিছ, আয় ২০ টাকার বেশী নয়। শতকরা ৮৫ জন লোকের কোন সন্ময নাই। এই যদি বাস্তব অবস্থা হয়, তাহলে এই মান্যগর্নল কিভাবে বাঁচবে? আগামী ৪ বছরে যে নতেন পরিকল্পনা হবে, সেই সময়ের মধ্যে এই স্বল্প আয়ের মানুষদের বাঁচাবার জনা কি ব্যবস্থা হবে? নিত্যপ্রয়োজনীয় জিনিষপতের দাম কমিয়ে দেওয়া হবে কিনা, দ্রামালা नियुक्त कर्तरात वात्रन्था टर्क किना, हारलं भारताय किता करता टर्क किना, भारतायायात्र অতি মুনাফা বন্ধ করা হবে কিনা, তার জন্য এই বাজেটে কি ব্যবস্থা আছে. সেটা জানতে চাই। গ্রামাণ্ডলের মাান্য এখন থেকে অনশনে ও অর্ধাশনে কাটাতে আরম্ভ করেছে। অনেক পরিকল্পনার কথা বলা হয়েছে, দামোদরভ্যালী পরিকল্পনা আছে, বীরভ্যে ময়ুরাক্ষা পরিকল্পনা আছে সেখান থেকে বর্ষার সময় ছাডা জল পাওয়া যায় না। তখন আসে বন্যা আকাশের জল, বন্যার জল এবং মানুষের চোখের জল সব এক হয়ে যায়। সেই সময় ধানের ফসল কিছু হয় না। গ্রীষ্মকালে কোথাও জল থাকে না, সমস্ত গ্রামের পুকুর ঘাট খালবিল শুকিয়ে যায়। অথচ পরিকল্পনা করা হয় জলের জন্য। ঐ সময় জল দৈবার কি ব্যবস্থা হয়েছে? গ্রীষ্মকালে জল দিতে পারলে এক ফর্সাল জামতে দ্ব-ফ্সল ফলান সম্ভব হয়। তাঁরা শুধু বর্ষাকালেই জল দিবেন। তারপর আর কোন ব্যবস্থা হবে না। গ্রীষ্মকালে চাযের ব্যবস্থা করতে হবে। গ্রামাণ্ডলে সমস্ত জমি, মাঠ, ঘাট একেবারে শত্রুক হয়ে পড়ে রয়েছে: সেখানে জলের অভাবে চাষ হচ্ছে না। সরকার পক্ষ থেকে প্রায়ই বলে থাকেন যে গ্রামাণ্ডলে চাষের জন্য সেচ পরিকল্পনা তাঁরা করেছেন, ডিপ্র টিউব ওয়েল হচ্ছে। কিন্তু তার প্রতাক্ষ পরিচয় কি আমরা পেয়েছি? আমরা খবর পেলাম বীরভূমের দূবরাজপরে থানার অন্তর্গত পাদ্ম, বালিগর্ডি, লক্ষ্মীনারায়ণপুর প্রভৃতি অণ্ডলে ভীষণ খাদ্যসংকট দেখা দিয়েছে। সেই অঞ্চলে ক্যানেলের জল যায় না। সেখানে পতুর, ঘাট, মাঠ সব একেবারে শতুকিয়ে গিয়েছে। অনাব, ছিটর জন্য ধান হয়নি। লোকে অনাহারে, অধাহারে দিন কাটাতে বাধ্য হচ্ছে। গ্রামবাসীরা গ্রাম ছেড়ে অন্যর চলেছে কাজের সন্ধানে। সেই সমস্ত অণ্ডলে সরকার পক্ষ থেকে কি বাবস্থা অবলম্বন করা হয়েছে? তাঁদের শুধু কথার বাগাডম্বর ছাডা আর কিছু নেই।

মিঃ চেয়ারম্যান স্যার, আয়ের ক্ষেত্রে বলা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে আয় বেডেছে. জাতীয় সম্পদ বেড়েছে এবং এতে আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় ডাঃ বিধানচন্দ্র রায় খুব উল্লাস প্রকাশ করেছেন। কিন্তু বৃদ্ধিপ্রাণত আয়ের সিংহভাগ কার কাছে কুক্ষিগত হয়ে রয়েছে, সে সন্বন্ধে তিনি কি ইংগিত দিয়েছেন? জাতীয় আয়ের মোটা অংশ বড় লোকের পকেটে যাচ্ছে, সেটা তিনি বলেননি। সাধারণ মানুষকে দঃখ্য, দারিদ্র, শোষণ-নিম্পেষণের মধ্যে ফেলে দিয়ে তিনি বিরাট পরিকল্পনা ও পরীক্ষার বাবস্থা করেছেন; এবং তার নাম দেওয়া হয়েছে স্যোসালিস্ট প্যাটার্ন-এর সমাজবাবস্থা। এই প্রীক্ষা আগামী বছরগুলিতে চলতে থাকবে, এই কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে ঘোষণা করেছেন। তিনি নিজ মুখে বলেছেন "আমরা এমন একটি পরীক্ষায় হাত দিয়েছি, যাকে মিশ্র অর্থনীতি বলা হয় এবং আমাদের মতে এক গণতান্ত্রিক পটভূমিকায় এই ধরণের পরিকল্পিত অর্থনৈতিক উল্লয়ন প্রথিবীতে এই প্রথম।" এ এক অভিনব জিনিষ, এই মিশ্র অর্থনীতি এবং সোসালিষ্ট প্যাটার্ণ অব ষেট্ট। এখানে র্ধনিক আরও আরও ধনী হবে, এবং গরীব, আরও গরীব হবে। এটা এক অভ্তত সোস্যালিট প্যাটার্ণ। চট কল, পাটশিক্স, ট্রাম কোম্পানী, ইলেকট্রিক সাংলাই কোম্পানী, চা-বাগান প্রভৃতি শিলপ্র্যালি যেখানে ফরেন কর্দাপটেল রয়েছে, তাদের রাণ্ট্রায়ন্ত, জাতীয়করণ না করে, কখনও কোন সোস্যালিন্ট প্যাটার্ণ হয় না। সূত্রাং দেখা যাচ্ছে আপনাদের বর্তমান যে প্যাটার্ণ, সেটা সোস্যালিষ্ট প্যাটার্ণ নয়, সেটা হচ্ছে ক্যাপিটেলিষ্ট প্যাটার্ণ। পরিষ্কার করে বললেই তো পারেন যে, আপনারা ক্যাপিট্যালিস্টদের জন্য ব্যবস্থা করছেন, সাধারণ ব্যক্তি গরীবদের জন্য কিছ্ করছেন না। সরকার সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ গড়ে তেলার এক অভিনব <sup>পথ</sup> গ্রহণ করেছেন। এইভাবে জনসাধারণকে ভাঁওতা দিয়ে কোন লাভ হবে না, এর দ্বারা কথনও দেশ গঠন হবে না। সমস্ত বিদেশী কোম্পানীগুলিকে জাতীয়করণ না করে, কৃষি উৎপাদনের বাবস্থা না করে, ক্ষকদের হাতে জমি না দিয়ে সমাজতালিক ধাঁচের সমাজ-বারস্থা কখনও

হয় না। সরকার এক অম্ভূত পথ গ্রহণ করেছেন—আগামী চার বছর ধরে আমাদের এক পরীক্ষার মধ্যে দিয়ে যেতে হবে। ডাঃ রায়ের এই ন্তন ও প্রথম পরীক্ষায় সাধারণ মান্য লাভবান হবে না। এর ফল ভোগ করবে শোষক সম্প্রদায় এবং কায়েমী স্বার্থের দল, যাদের হাতে জাতীয় সম্পদের সিংহভাগ চলে যাচ্ছে, যাদের হাতে প্রিজ এবং ম্নাফা কেন্দ্রীভূত হচ্ছে।

মিঃ চেয়ারম্যান সার, তৃতীয় কর্মক্ষেত্রের মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধি পাবে ও বেকারসমস্যার কিছাটা সমাধান করা যাবে, এই ছিল ডাঃ রায় ও কংগ্রেস সরকারের প্রচার বাণী। কিন্তু এব রের বাজেট বন্ধতায় ডাঃ রায় এ সম্পর্কে শুধু হতাশার বাণীই শুনিয়েছেন। তিনি বলেছেন পূর্ণ বেকারী ও অর্ধ বেকারী সমস্যার সমাধান সময়সাপেক্ষ। তিনি আরও বলেছেন. আমাদের পণ্ডবার্ষিকী পরিকল্পনাগালি এখনও পর্যন্ত বেকার ও অর্ধ-বেকারদের জন্য যথেষ্ট কর্মসংস্থানের সুযোগ করে দিতে পারেনি। তিনি ক্রমবর্ধমান বেকার সমস্যার জন্য জনসংখ্যা বৃদ্ধিকে দায়ী করেছেন। তার হিসাব তিনি তাঁর বক্তৃতায় দিয়েছেন—দ্বিতীয় পরিক**ল্পনার** পারন্তে ভারতে মোট বেকারের সংখ্যা ছিল ৫৩ লক্ষ এবং দ্বিতীয় পরিকল্পনার শেষে বেকারের সংখ্যা ৯০ লক্ষে এসে দাঁড়ায়। তৃতীয় পশুবার্ষিকী পরিকল্পনায় কর্মসংস্থানের লক্ষ্য হচ্ছে ১ কোটী ৪০ লক্ষ। কিন্তু সেখানে নৃত্ন শ্রমিকের সংখ্যা হবে ১ কোটি ৭০ লক্ষ। সৃত্রাং প্রিকল্পনার লক্ষ্য যদি এই হয় যে, ক্রমশঃ বেকারীর সংখ্যা বেডে যাবে, তাহলে সেই পরিকল্পনা কবার মানে কি? একটা পরিকল্পনার দ্বারাই যে সমুহত লোকের কর্মসংস্থান হবে, দেশে বেকারসমস্যার সমাধান হয়ে যাবে, তা আমি বলছি না। কিন্ত কর্মসংস্থানের এমনভাবে পরিকল্পনা নিয়ে ব্যবস্থা করতে হবে যে, ধাপে ধাপে এটা কমিয়ে আনতে হবে। **কিন্ত** সেই ধরণের কি ব্যবস্থা এর মধ্যে রয়েছে? পরিকল্পনার জন্য বেকারের সংখ্যা কমে যাবে এবং কর্মসংস্থান বেডে যাবে. এই হচ্ছে লক্ষ্য। কিন্তু দঃখের বিষয় সরকারের সেদিকে দুদ্ধি নেই। আবার তিনি বলেছেন জন্মনিয়ন্ত্রণের কথা। ধরুন পরিবারের সংখ্যা আগামী চার বছরে কমিয়ে দিলাম জন্মনিয়ন্ত্রণে, তাহলেও এই যে ১ কোটী ৭০ লক্ষ বেকার থেকে যাচ্ছে তাদের কর্মসংস্থান কিভাবে হবে?

[11 to 11-10 a.m.]

অপনারা বলছেন ৪ বংসর পরে ১ লক্ষ ৭০ হাজার বেকার হবে। তাই যদি হয় ৪ বংসরের পরিকল্পনায় তাহলে ৪ বংসরের মধ্যে যারা বেকার থেকে যাচ্ছে তাদের সমস্যা সমাধান হবে না। তাহলে এই যে যাঞ্ভি. এটা বাজে যাঞ্ডি। মাননীয় চেয়ারম্যান, স্যার, বিশেষ করে এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের শ্রমনীতি সম্পর্কে দ্ব-একটি বিষয় উল্লেখ করতে চাই। বেকারসমস্যাও উৎপাদন ইত্যাদির সঞ্জে জডিত। কল-কারখানায় কাজ করছে তারা যদি ছাঁটাই হয়ে যায় তাহলে আরো বেকার বাড়বে। আমি এই প্রসংগে একটা কথা বলবো, সরকার বলে থাকেন তাঁদের নীতি হচ্ছে শিদেপ শান্তি প্রতিষ্ঠা করা। কিন্তু আসলে তাঁরা কি করেন? তাঁরা শিল্পে অশান্তি স্থিটি করতেই সাহায্য করেন। সরকারের শ্রমদপ্তর মালিকদেরই তোষণ করে চলে। এর ফলে উৎপাদন ব্যাহত হয়, ধর্মঘট দীর্ঘস্থায়ী হয়। শ্রমিকদের জীবনে বিপর্যায় নেবে আসে, স্টাইক ইত্যাদি হয়। এবং তার ফলে যে সমস্ত মামলা হয় তা বহুদিন ধরে চলে। সেই সময় শ্রমিকরা বেকার থাকে। কারখানার মালিকদের অবস্থা ভাল কিন্তু শ্রমিকদের যখন কাজ থাকে না তখন তাদের কোন ভাতা দেওয়া হয় না। এইভাবে দীর্ঘদিন ধরে চলে এবং তারপর অনেক সময় যে সমস্ত রায় দেওয়া হয় তাও মালিকরা কার্যকরী করে না। আমি এখনে শুধু দুটি ঘটনা উল্লেখ করবো। নসভায় সিংহনিয়া গ্রন্থের ভিটল কারখানায় শ্রমবিরোধ চলছে ৩३ মাস এই বিরোধ চলছে। মালিকপক্ষের নিজেদের কর্মের ফলে ৭৭ দিনেও কোন মীমাংসা সম্ভব হয় নি। এই ব্যাপারে সরকারী দপ্তরের জয়েন্ট সেকেটারি মীমাংসার যে শর্ত ত্রিপক্ষীয় আলোচনায় প্রস্তাব আকারে পেশ করেছেন সেও মালিকপক্ষ প্রত্যাহার করেছেন। মালিকদের এই জিদের ম্লেও সরকারী প্রশায় ও শ্রমবিরোধ নীতি রয়েছে। তারপর আর একটা ছোট উদাহরণ দিচ্ছি, এই বিষয় আমি নিজে চেন্টা করেছিলাম। কলকাতা সহরে য়্নিভার্সাল ল্যাম্প ম্যান্ফ্যাক্চারিং কোঃ, ৯০বি রিপন স্টিটে, একটা ছোট কার্থানা, সেখানে মোট শ্রমিক সংখ্যা ৩৮৪ জন এবং প্রতিদিন ৪ হাজার হারিকেন ল্যাণ্টার্ণ তৈরী হয়। তাছাডা টেবল ল্যাম্প, টাটা কোম্পানীকে সাপ্লাই

দেয়। সেখানে টেন্পোরারী স্টাফ আছে ৫০ জন এবং ৩ মাস বা ৬ মাস কাজ করিয়ে ছাট্ট করে দিয়ে আবার নতেন করে তাদের ভর্তি করা হয়। তাদের কেন পারমানেণ্ট করা হয় हो। এক বংসর ধরে প্রায় ১৫০টা শ্রমিকের উপর চার্জ-সিট্ দেওয়া হয়েছে। শ্রমিকদের গ্র মাইনে হচ্ছে, ডি. এ. ইত্যাদি নিয়ে ৬০-৭০ টাকা। মালিক কোড অব ডিসিপিলন সেখান তারা মানে না। এমনকি তারা দ্যাণিডং অর্ডার পর্যন্ত মানে না। ১৯শৈ ফেব্রুয়ার। তাহিছে তাঁরা ২ জন লোককে ছাঁটাই করে ২০শে ফেব্রয়ারী তারিথ থেকে সেখানে স্টাইক চলছে: শ্রমিক দণ্ডরকে এই সম্পর্কে লেখালেখি করে কিছু হয় না। এটা আজকের ব্যাপার নয় এত ১৭।১২।৬১ আমি একটা চিঠি লিখেছিলাম তথনকার শ্রম্মন্ত্রীর কাছে। সেই আর্থানের শ্রমিকরা বলেছে যে আমরা এখানে কাজকর্ম কর্রাছ, এখানে উৎপাদন বৃদ্ধি হয়েছে। আর্ উৎপাদন বাড়িয়েছি। আমাদের বোনাস কিছু ব্যবস্থা করা হোক, কিছু ইন্সেন্টিভ দেওল হোক, কিল্ত কোম্পানি গ্রাহাই করছে না। এই কথা শ্রমমন্ত্রীকে লিখেছিলাম ১৭।১২।৬১ তারিখে, তাতে বলেছিলাম যে, এই বিরোধটা এটা মিটিয়ে নেওয়া উচিত। তাদের কি কতার। শ্রমিকদের কি কর্তব্য, লেবার অফিসারের কি কর্তব্য নেই? তাঁরা গিয়ে হস্তক্ষেপ করে এই কাজগুলি মিটিয়ে দেওয়া হোক, কিন্তু তাঁরা কোন দ্রুক্ষেপই করলেন না। সেখানে দ্রাইক চলছে। আজ আসার সময় শূনে এলাম প্রলিশ সেখানে গিয়ে জোর-জবরদ্হিত করে বলুছ যে শ্রমিকদের কারখানায় যেতে হবে। আমরা দেখছি এই শ্রমবিরোধ যথন হয় তথন প্রালিশ অশ্ভত নীতি নেয়। তারা সেখানে গিয়ে হাজির হয় এবং তারা মালিকের পক্ষ অবলম্বন করে শ্রমিককে কোয়ার্স করে স্ট্রাইককে দীর্ঘ করার চেণ্টা করে। এই রকমভাবে শ্রমবিরোধগালি ঘটে থাকে। সূত্র্য শ্রমনীতি না থাকার ফলে, মালিকঘেষা শ্রমনীতি না থাকার ফলে আজকে এই রকম অসন্তোষ বৃদ্ধি পাচ্ছে। দেশের উৎপাদন বাডাতে হলে কলকার্থানায় শান্তি থাকা দরকার, কিন্ত শ্রমিকদের যে দাবী, তাদের বোনাস, মাইনে ইত্যাদি যাতে সংগ্রভাবে চলে তা চেষ্টা করা দরকার। লেবার দণ্ডরের লোকরা কি করে? আজকে তাদের নিরাপত্তা কমে যাচ্ছে। দুক্তুতকারীরা মানু্থের জীবন বিপর্যস্ত করে তলেছে। কলকাতায় প্রতি গুলিতে সমুহত জায়গায় দেখি ভেজালের কথা না হয় নাই বললাম সেই একচেটিয়া কারবার্ত্ত আছে। প্রিলেশের কর্তারা কি করেন? তাঁরা তো কিছ.ই করেন না। সেজনোই আমি বলছি এই বাজেট সাধারণ মান্যবের বাজেট নয়, এই বাজেটকে আমরা বলতে পারি যে শ্রমিক সম্প্রদায়ের এবং কায়েমী স্বার্থ পোষণের বাজেট। এই নীতিই শ্রমিকশ্রেণীর এই বাজেটে পরিস্ফুট হয়ে উঠেছে। আমরা কন্স্টাকটিভ সাজেস্সন্ দিলে কি হবে, মলে নীতির পরিবর্তন করা দরকার। দেশের পশুবার্ষিকী পরিকল্পনায় হবে কিন্ত পরিকল্পনা মারফং কর্মসংস্থানের ব্যবস্থা হবে, এবং কর্মসংস্থানের ব্যবস্থা হলে মানুষের জীবনে ভরসা আসবে। কিন্ত সেই গ্যারাণ্টি-নিরাপত্তার মনোভাব স্থাণ্টি করার চেণ্টা দেখি না। সেজন্য আমি বলি এই বাজেটকৈ সমর্থন করতে পাবি না।

#### Shri Suresh Chandra Paul:

মাননীয় অধাক্ষ মহাশয়, এই যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন মুখ্যমন্দ্রী তথা অর্থমন্দ্রী, তা আমি সম্পূর্ণ সমর্থন করি এবং তাঁকে আমি অভিনন্দন জানাই যে, তিনি এ বছর কোন নতুন করের কথা বাজেটে তোলেন নি। আমি এই প্রসঙ্গে দুটি কথা বলতে চাই, আপনার মাধ্যমে আমাদের স্বায়ন্থশাসন বিভাগের মন্দ্রী মহাশারের দুটি আকর্ষণ করতে চাই, এই বলে যে বাংলাদেশের যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে তার আয়-ব্যয় যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখতে পাবেন যে, যেভাবে এ্যাড্মিনিস্ণ্রেসন্ চলছে তাতে সব আয় এই খাতেই চলে যায়, অর্থাৎ মিউনিসিপ্যাল রেটস্ খাতে যে আয় হয় তার বহুলপরিমাণ টাকা এই স্টাই পেমেন্ট-এর জন্য খরচ হয়ে যায়, সাধারণ মানুষের উন্নতির জন্য বিশেষ কিছু, করে উঠতে পাবে না। তাকে তাই অনুরোধ জানাব তিনি যেন অবিলম্বে মিউনিসিপ্যাল আইন পরিবর্তন করেন এবং যেন লক্ষ্য করে দেখেন যে, টোটাল ইনকাম অব দি মিউনিসিপ্যালিটির কত পারসেট্ট তাঁরা স্টাফ-এর মাইনের জনা বায় করতে পারেন, এর কোন ব্যবস্থা না থাকলে চিফ পপ্রোর্হিটি লাভ করবার জন্য মিউনিসিপ্যালিটির ক্যিশনাররা মিউনিসিপ্যালিটির আয়ের অধিকাংশ

টাকা স্টাফ-এর মাইনে বাবদ যদি ব্যয় করে ফেলেন তাহলে মিউনিসিপ্যালিটির যে সমস্ত কাজ সেগালি বাধাপ্রাণত হবে। আর একটি কথা বলব। মিউনিসিপ্যালিটির প্রধান যে কাজ সেটা হচ্ছে ময়লা পরিষ্কার করা। এই কন্জারভেন্সি স্টাফ যখন তখন ইউনিয়ন-এর মাধ্যমে মাইনে বাড়ানর চাপ দিয়ে স্টাইক করে। এই স্টাইক কন্জারভেন্সি স্টাফ্-এর পক্ষে করা একটা ভয়ানক অপরাধ বলে মনে করি। যদি মিউনিসিপ্যালিটির এই সব স্টাফ স্টাইক করে এবং সেই স্টাইক ততদিন চলে যতদিন তাদের দাবী প্রেণ করা না হয়, তাহলে মিউনিসিপ্যালিটিকে যে দ্বর্যোগের সম্মুখীন হতে হয় তা ভাল করে অন্ভব করা যায়। ইউনিয়ন-এর ফিনি প্রেসিডেণ্ট বা কর্তা এদের যদি এমনভাবে উত্তেজিত করে যাতে এ রকম স্টাইক তারা করে ফেলে তাহলে মিউনিসিপ্যালিটির পক্ষে সেটা কতথানি ক্ষতিকর সেটা মন্ত্রীমহাশয় ভালই জ্যানন এবং আমি তাঁকে বলব সেইভাবে যেন আইন করেন যাতে কন্ভারজেন্সি স্টাফ যেন দ্টাইক না করতে পারে এবং যাতে এসেন্সিয়াল সারভিস্-এর কোন ক্ষতি না হয় সেটার ব্রহ্থা যেন করেন।

### 11-10 to 11-20 a.m.]

নিউনিসিপ্যালিটিতে স্টাইক ইল্লিগাল্ ডিকলেয়ার করা দরকার। যাতে কোন রকম স্ট্রাইক ঘটাতে না পারে তার বাবস্থা করা বিশেষ প্রয়োজন। কারণ সকলেরই মনে রাখা উচিত যে, মিউনিসিপ্যালিটিগুলি হচ্ছে সমাজ-সেবা প্রতিষ্ঠান, এগুলি কোন ইনকাম পেয়িং কনসার্ণ নয়। এতে যা আয় হয় তা দিয়েই কোন রকমে চলে। যদি এই ক্রজারভেন্সি স্টাফদের ক্রম্ম মাহিনা বাডিয়ে দেওয়া হয় তাহলে মিউনিসিপাালিটিগুলি দিতে পারবে না। এই বাস্তব অবস্থাটা আমাদের দুট্টি দিতে হবে। যাহা হউক আমি আরেকটা বিষয়ের প্রতি আমাদের পর্লিশমন্ত্রী মহাশয়ের দূষ্টি আকর্ষণ করতে চাই। কোর্ট থেকে যে সমস্ত ডিক্রি ইজেক্টনেণ্ট-এর জন্য বা জমি দখল নেবার জন্য হয় তাতে প্রালশের সাহায্য পাওয়া যায় না। কারণ বেলিফ যখন যায় তাকে মারের ভয় দেখিয়ে তাডিয়ে দেওয়া হয়। দার, একটা কেস-এর নির্ম্পত্তি হতে অনেক সময় লেগে যায়। তার উপর এ কোর্ট থেকে সে কোর্ট ঘুরে যখন ডিক্রি পাওয়া যায় তাতেও আবার দখল পায় না। প্রলিশের সাহায্য যদি নিতে হয় তাহলে প্রলিশের কাছে তিন-চার মাস পড়ে থাকে। তার পর টাকা জমা দিতে হয়, তাহলে প্রলিশের সাহাযা পাওয়া যায়। আমি বলি প্রলিশ হচ্ছে এাাড্মিনিস্ট্রেসন্-এর অংগ। এবং যখন কোর্ট থেকে ডিক্লি হয় তার পিছনে স্যানকসন অব দি স্টেট থাকে। আমি गत्न कांत्र (मो) कांत्री कत्रां यान भू निर्मात मत्रकांत्र दश जाराल जात करा। ठोका रकन क्या দিতে হবে? যেখানে আমরা পূলিশ এ্যাডিমিনিসস্টেসন-এ লক্ষ লক্ষ টাকা ব্যয় করছি। সেখানে ডিক্রি এক সিকিউসন্ করতে প্রালিশকে টাকা দিতে হলে ইট উইল বি ট্ন মাচ ফর দি পিপলে। সতেরাং আমি অনুরোধ করব যে ডিক্রি জারীর জন্য প্রিজাইডিং অফিসার-এর কেমেন্ডেসন্ পেলেই বিনা খরচে যেন প্রলিশের সাহায্য দেওয়া হয়। এই সামান্য সাহায্যে আমাদের দেশের অনেক লোক উপকৃত হবেন। তারপর আরেকটা কথা ব**লেই** আমি আমার বক্ততা শেষ করব। আমাদের এখানে বিরোধী পক্ষের সদস্য সতেতাযবাব, আমাদের ম্খ্যমন্ত্রীকে "অশীতিপর" স্থাবির ইত্যাদি বলেছেন, কিন্তু আমি তাঁকে বলি তিনি স্থাবির শক্তের মানে কি না জেনেই বলেছেন মুখামাতীর মত কর্মানিক্ত বহু, যুবকের মধ্যে আমরা পাই না।

He has created a history for himself, he is the wonder man in this State He is an inspiration to Bengal, if not to the whole of India, for his activities and for the stupendous responsibility that he has taken upon himself for the cause of West Bengal.

মামি সন্তোষবাব্র কথার তীর প্রতিবাদ করি। সেদিন সন্তোষবাব্র রাজ্ঞাপালের ভাষণ সন্বন্ধে বলতে গিয়ে শুধু গোবরের কথাই বলেন। তাঁর হয়ত সব জায়গায় গোবর খুজে কেড়ান অভ্যাস আমার মনে হয় যে, তাঁর মাথায় যে জিনিষটা আছে সেই গোবর যদি তিনি মণসারণ না করেন তাহলে কিছু হবে না এবং তাঁর মাথা থেকে গোবর না সরিয়ে দিতে পারলে কিশে শান্তি-শুঙ্খলা বজায় থাকবে না।

Shri Santosh Kumar Bhattacharyya: On a point of personal explanation, Sir.

আমার ঐ পক্ষের মাননীয় সদস্য রাজ্যপালের ভাষণের উপর বিতর্ককালে একটা উদ্ভি সম্বন্ধে ধলেছেন বলে আমাকে বলতে হচ্ছে। মহাস্থাবির কথাটার মানে হচ্ছে মহাজ্ঞানী। মহাস্থাবির কথাটা ম্থামন্ত্রী মহাশায়ের পক্ষে প্রশংসাস,চক স্তরাং ও'র মাথায় কি আছে সেটা নিয়ে উনি আগে একট্ব কালচার কর্ন, তারপর আমাকে বলবেন।

Mr. Chairman: I was saying that in the course of speeches sometimes certain things are said in a light mood, and I would request the honourable members on either side not to take them more seriously.

I would now request Shri Satya Priya Roy to make his speech.

## Shri Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হঠাং আমার আলোচনার আগে সভায় একট্র উত্তেজনা দেখা গেল। কারণ হচ্ছে যে আমার আগের যিনি বললেন তিনি আমার মনে হয় যে, আমাদের বিতর্কের শালীনতার যে সীমানা আছে তার নীচে নেবে গিয়ে কোন বিশেষ সদস্যের মাথায় গোবর আছে এটাই পরিষ্কার বলতে চেয়েছেন। আমার মনে হয়, আমাদের আলোচনায় শালীনতার যে সীমা সেটা নীচে নেবে গেছে। আপনি বিশ্ববিদ্যালয়গ্রলোর খবর রাখেন—নালন্দা বিশ্ববিদ্যালয়ের যিনি অধ্যক্ষ ছিলেন তাঁকে মহাস্থবির বলা হোত। তিনি নিশ্চয় কর্মশান্তিহীন প্রুণ্য ছিলেন না এবং সেই অর্থেও নিশ্চয় মহাস্থবির কথাটা ব্যবহৃত হোত না।

Mr. Chairman: Please do not elaborate upon what Shri Santosl-Bhattacharyya said.

## Shri Satya Priya Roy:

স্যার, এবার আমি আলোচনার বিষয়ে আসতে চাই। আমি শিক্ষক বলে শিক্ষা সমস্যা সম্পর্কে আমার বস্তব্য সীমাবন্ধ রাখব। বাজেটের অনেকগর্বলি পাতা তাড়াতাড়ি উল্টে ২।১টি কথা যা মনে হয়েছে সেটা সম্পর্কে কিছু বলতে চাই। প্রথম হছে ভূমি রাজস্ব ও গ্রাম্য পণ্ডায়েং সম্পর্কে বলতে গিয়ে বলব যে, এই বিভাগের আয়-বয়় যদি গ্রাম্য-পণ্ডায়েংকে দিয়ে তাদের সহায়তায় স্থানীয় সেচ, সার ইত্যাদি দেওয়ার ব্যবস্থা যদি তাদের উপর অর্পণ করেন তাহলে বাস্তবিকই দেশের উপকার হবে এবং ভূমি-রাজস্ব আদায় করবার জন্য যে বয় হছে সেই বয় কম হবে এবং সেই টাকাটা দেশের কাজে বয়বহৃত হবে। এই প্রস্তাবটা আমি আপনাদের বিবেচনা করতে বলছি।

# [11-20 to 11-20 a.m.]

এর পর আমি শিক্ষা সম্পর্কে কিছু বলতে চাই। শিক্ষা সম্পর্কে শিক্ষক মন্ত্রীমহাশয় এ কথা বলেছেন যে, ১ কোটি কয়েক লক্ষ টাকা এবারেও শিক্ষা-ব্যবস্থার জন্য বরাদ্দ করেছেন। এই বরাদ্দ কোথায় এসে পেশছৈছে? ২১ কোটি ৩৮ লক্ষ কয়েক হাজার টাকা, এই হচ্ছে পশ্চিমবাংলার শিক্ষা-ব্যবস্থার জন্য ১৯৬২-৬৩ সালের বরাদ্দ। এখন ওই টাকা মাথাপিছু কত খরচ করা হচ্ছে তা জনসংখ্যার হিসাবে মাথাপিছু যদি দাঁড় করাই, তাহলে দেখবো যে মাথাপিছু মাত্র পশ্চিমবঙ্গের তৃতীয় পঞ্চবার্যিকীর দ্বিতীয় বছরে মাথা পিছু বরাদ্দ হচ্ছে ৭ টাকা। শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই সমস্ত প্থিবীর খবর জানেন, তাহলেও অন্যান্য সদস্যদের অবগতির জন্য আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, আজকে অন্যান্য সকল দেশে কোথায় কত জনসংখ্যা এবং মাথা পিছু কত খরচ করে তা আমাদের বিবেচনা করে দেখতে হবে। ইউনেন্দেকা ফিগার থেকে দেখছি ইউ, এস, এস, আর মাথা পিছু ৬৫০ টাকা খরচ করে শিক্ষার জন্য। ইউ, এস. এর্জ জনসংখ্যার মাথা পিছু ৪৫০ টাকা খরচ করে, ফ্রান্স, জার্মানীর জনসংখ্যার মাথা পিছু খরচ করে ২০০ থেকে ৩০০ টাকা, আর বেশীদ্রে যাব না, একসঙ্গে ম্বাধা পিছু খরচ করে হয় শিক্ষার জন্য ১৯ টাকা। আফগানিস্তানও মাথা পিছু খরচ করে চাকা বিলা

হত। আমরা যারা ভারতবর্ষে শিক্ষা-সংস্কৃতির নায়কত্ব দিচ্ছি সেই পশ্চিমবাংলার শিক্ষামন্ত্রী ১১ কোটি টাকা বরান্দ করেই যথেন্ট হয়েছে বলে মনে করেছেন, একটা আত্মসন্তব্দির মনোভাব হেন বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি এবং মুখ্যমন্ত্রী মহাশরের বাজেট স্পিচ-এর মধ্য দিয়ে দেখছি। শিক্ষা সম্বশ্বে বলতে গিয়ে হরেন মজ্মদার মহাশয় বলেছেন প্রাথমিক শিক্ষা-ভবনগ্রলির কথা। আমি নিজে কয়েক হাজার শিক্ষাভবন ংকে প্রাথমিক শিক্ষার কি অবস্থা তার প্রতি সরকারের দ্বিট-আকর্ষণ করতে চাই। প্রার্থামক শিক্ষার জন্য মাথা পিছ, পশ্চিম-বাংলায় খরচ হচ্ছে বছরে শিক্ষার্থীর জন্য ২৬ টাকা প্রতি বছরে প্রতি শিক্ষার্থী পিছ খরচ হয়। তাহলে মাসে খরচ হয় ২ট্ট থেকে ২ট্ট টাকা, দৈনিক হিসাবে সেটা দাঁডায় এক আনার মত। এই হচ্ছে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা। ১৯৫০-৬০ সালে ভারতবর্ষে যে আদমস্মারী হয়ে लाल, लाकगनना रात्र राज जारज प्रथा भाष्ट्र य भाष्ट्रभाषात्र लाकभाष्या विषय भाष्ट्रभाष्ट्र ভারতবর্ষের সমস্ত রাজ্যের তুলনায় সবচেয়ে কম এবং পশ্চিমবাংলা যেখানে শিক্ষা-সংস্কৃতির দিক থেকে দ্বিতীয় স্থান অধিকার করেছিল ইংরাজ অমলে, স্বাধীনোন্তর যুগে, ১০ বছর যাবার পর পশ্চিমবাংলা ৫ম স্থানে নেমে গিয়েছে। কারণ প্রাথমিক শিক্ষা হচ্ছে না। এই রকম ১৬ টাকা প্রতি বছর শিক্ষার্থী পিছ মখরচ করে শিক্ষা ব্যবস্থা হতে পারে না, এটা শিক্ষামন্ত্রী মহাশয় জানেন এবং তার চেয়ে বেশী জানেন শিক্ষাসচিব। সেজন্য তিনি কিল্ত যে সব বিদ্যালয়ে ২৬ টাকায় যারা বছরে শিক্ষা দেন সেখানে তার ছেলেমেয়েকে লেখাপড়া করতে পাঠাননি কেননা তিনি জানেন সেখানে লেখাপড়া হয় না। তিনি পাঠিয়েছেন সব মাকিনে যেখানে প্রতি মাসে ক্লাস ফোর এ ৩৫ টাকা খরচ করতে হয়, গত বছর কিংবা তার আগের বছর তিনি সেখানে ৩৫ টাকা মাসিক বেতন দিয়ে ছেলেমেয়েকে পাঠিয়েছেন। ইংল্যান্ড জামানী এবং অন্যান্য দেশের অনুপাত যা বললাম সেই অনুপাতে সেখানে এক-একটি শিক্ষার্থীর পেছনে সেখানে খরচ করা হচ্ছে সেখানে আমাদের এখানে দেখছি যে, মধ্যশিক্ষাস্তরে এক-একজন শিক্ষার্থীর পেছনে প্রতি বংসর ৭৬ টাকা করে মধ্যশিক্ষার জন্য খরচ করা হচ্ছে এবং ঐ ৭৬ টাকা করে ধরলে সেটা মাসে ৬৷৽ আনা এবং দৈনিক ৩ আনা এসে দাঁডায় এবং এই শিক্ষা-বাবস্থা হয়েছে আমাদের বা জনসাধারণের জন্য। কিন্তু মন্ত্রিমহাশয়ের বা শিক্ষাসচিবের ছেলেমেয়েদের যেসব বিদ্যালয়ে প্রচুর অর্থ বায় করে বিদ্যাদান করা হয় প্রতাক্ষ প্রমাণ আমার কাছে আছে। শিক্ষামন্ত্রী মহাশয়ের সচিব এ কথাটা বিশ্বাস করেন না যে, সাধারণ মানুষের জন্য তিনি যে হোটেল চালান বা যে হোটেলের তিনি মালিক সেই হোটেলে থেয়ে ছাত্রদের মার্নসিক স্বাস্থ্য গড়ে উঠতে পারে না। তবে একদিক থেকে তিনি সে কথাটা বিশ্বাস করেন এবং সেই জন্যই তাঁর ছেলেমেয়েদের জন্য তিনি অন্য বাবস্থা করেছেন। আমাদের দেশে ইকোয়াল অপরচুনিটি ফর অল অর্থাৎ সমস্ত মানুষের জনা সমান সংযোগ এবং সোমিয়ালিস্টিক পাটার্ণ অর্থাৎ সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ কাঠামো হবে একথা বলা হয়েছে। কিন্তু পশ্চিমবাংলার শিক্ষাজগতে আমরা দেখছি ইংরেজ আমলেও ফেটুকু সমান সুযোগ ছিল তা উঠে গিয়ে শিক্ষাজগতে আজ পরিন্কার স্তর বিভাগ হয়ে যাচ্ছে এবং দেখছি যে, যার যার অভিভাবক যে রকম অর্থ বায় করবে, সে সেই রকম বিদ্যা ক্রয় <sup>করতে</sup> পারবে। স্যার, এখানে যে সব বিদ্যালয় মাসিক ২৫/৩০/৫০ টাকা পর্যান্ত ছাত্র বেতন আদায় করে সেখানে আমাদের উচ্চপদস্থ কর্মচারীরা এবং শিক্ষা-বিভাগের উচ্চপদস্থ কর্মচারীরা অদের ছেলেমেয়েদের পড়বার জন্য পাঠায় আর সাধারণ মান্বের জন্য এই সমস্ত অচল <sup>বিদ্যাল</sup>য়গ**্নিল খ**্বলে রেথেছে, এর ফলে দেখছি প্রতি বছর ভত**ীর সময় যে সম**সত বিদ্যালয়ে বাস্তবিকই কিছুটা শিক্ষাদানের ব্যবস্থা আছে সেখানে ভর্তির জন্য অসম্ভব ভর্তি হয়ে যায় এবং তার ফলে বহু, অভিভাবকরাই সেই সব বিদ্যালয়ে তাঁদের ছেলেমেয়েদের ভার্ত করাতে পারেন না, এর একমাত্র কারণ হচ্ছে বিদ্যালয়ের এই স্তরী বিভাগ এবং সেটা ইংরেজ আমলেও ছিল না সেটা এখন আমাদের দেশে আরম্ভ হয়েছে। স্যার, ইংল্যান্ডের পার্বালক স্কুলে যে <sup>স্তর</sup>িবিভাগ ছিল সেখানে আজ সমস্ত মান্ত্র কমন স্কুল সিস্টেম-এর দাবী করছে এবং ফুল্স, জার্মানী প্রভৃতি দেশের সমসত মান্ত্র্যও, এই ধরনের বিদ্যালয় চায়, অর্থাৎ কমন স্কুল সিতেম। কাজেই যে দাবা অন্যান্য গণতান্ত্রিক দেশে এবং এমনকি ধনতান্ত্রিক দেশে পর্যন্ত <sup>উঠেছে</sup>. সেথানে স্বাধীনোত্তর যুগে ভারতবর্ষে এবং বিশেষ করে পশ্চিমবাংলায় দেখছি শিক্ষালয়-

গুলো দতরা বিভাগের দিকে অগ্রসর হচ্ছে। তারপর, শিক্ষা-ব্যবস্থার যে কাঠামো তাঁরা দিয়েছেন সেটা যে বাদতব শিক্ষা কাঠামো নয় তা' আমি সরকারী পরিসংখ্যান দিয়ে দেখাছি যে, গড়ে ৩ জন করে শিক্ষকও প্রাথমিক বিদ্যালয়ের জন্য নেই। অর্থাৎ ৪র্থ শ্রেণীর প্রাথমিক বিদ্যালয়ের জন্য নেই। অর্থাৎ ৪র্থ শ্রেণীর প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করবার জন্য গড়ে ৩ জন করে শিক্ষক বরাদ্দ না করে এই প্রাথমিক বিদ্যালয় চালিয়ে যাওয়া হচ্ছে। অথচ মুখামালীকৈ যথন বিধানসভায় বলা হয়েছে যে শিক্ষার মানের কেন অবর্গাত হচ্ছে তথন তিনি বললেন যে এর জন্য দায়া হচ্ছে মান্টাররা। স্যার, আমাদের যা যা ক্রিট-বিচ্যুতি আছে আমরা তা' সব সময়ই দ্বীকার করি এবং কখনও আমরা আত্মসমালোচনা থেকে বিরত হই না। কিন্তু এই দোষ আমরা দ্বীকার করব না, কারণ শিক্ষক সমাজ এই যাত্রের একটা অংশমাত্র। উপর থেকে কি হাকুম আসছে এবং তাঁকে কি করতে হবে তা' শিক্ষক জানেন না—অর্থাৎ শ্বধ্ব একটা র্ব্টিন মাফিক কাজের মধ্যে তাঁকে ফেলে দেওয়া হছে।

### 11-30 to 11-40 a.m.]

শিক্ষা নীতি নিয়ন্ত্রণের কোন অধিকার তাঁদের দেওয়া হচ্ছে না. শিক্ষা বিভাগ তাঁদের সংগ কোন সহযোগিতা করছেন না অথচ দণ্ড হাতে নিয়ে ক্রতিদাসের মত শিক্ষকদের দিয়ে কাজ हालिएस स्नितात एक के क्रिक्ट मार्च भाष्य भिष्मकर्मित नासी करत भिष्मात भारति नासिष अतकात এডিয়ে যেতে পারে এ কথা আমি বিশ্বাস করি না। যদি শিক্ষক সমাজ বাস্তবিকই দায়ী হন তাহলে আমি নিজে ব্যক্তিগতভাবে বলছি এবং আমাদের সকলেই বলবেন যে আমরা বিদ্যালয ছেড়ে দিচ্চি, তাঁরা যেখানে থেকে হোক উপযান্ত শিক্ষক নিয়ে এসে বিদ্যালয়গঢ়িলকে সাক্ষ্যুভাবে পরিচালনা কর্ন, দেশের শিক্ষার মান উয়তে কর্ন। সেই দায়িত্ব আজকে হতভাগ্য শিক্ষকদেব কাঁধে চাপিয়ে দিয়ে সরকার নিভেদের দায়িত্ব এভিয়ে যাচ্ছেন আর যাঁরা অগ্রগতি চান তাঁর এস কেপিস্ট হয়ে যাচ্ছেন। শিক্ষা সম্পর্কে আমাদের অনেক আলোচনা করাব আছে। প্রথম কথা হচ্চে যে সম্পাদক এবং ডিবেক্টর এক হয়ে গেল। প্রতি বছর রাজ্য শিক্ষা দণ্ডরের পক্ষ থেকে শিক্ষা সম্পর্কে একটা বিপোর্ট বেরবোর কথা। আজ ১৯৫৫-৫৬ সাল থেকে ১৯৬১-৬২ সাল চলে গেল, কিন্তু শেষ রিপোর্ট বেরিয়েছে ১৯৫৫-৫৬ সালের। বিয়েছেন ৩ টাকা। আমি পরে যখন লোক পাঠালাম তার দাম করে জানলাম যে সব বিক্রি হয়ে গেছে, হাব নেই। ৬ বছর পর্যন্ত কোন রিপোর্ট শিক্ষা দণ্ডরের নেই কেন? এই শিক্ষা দণ্ডরের পরিসংখ্যানগুলি প্রস্পরবিরোধী কেন? আমরা দেখতে পাচ্ছি সেন্ট্রাল গভর্ণমেন্ট ৬ বছরের জন্য শিক্ষার দিক থেকে বিভিন্ন রাজোর পরিসংখ্যান ১৯৫৭-৫৮ সালে বের করেছেন। এই পরিসংখ্যানে আমরা দেখতে পাছি আমাদের পশ্চিমবঙ্গেব রাজাসরকার এই সংবাদ সর্ববাহ করেছেন যে. ৬ থেকে ১১ বছরেব ছেলেমেয়েদের শতকরা ৭৮-২ জন ইতিমধ্যে বিদ্যালয়ে পডছে। অথচ এবারে বাজেট ভাষণে দেখছি আমাদের যা লক্ষ্য হিথর করা হয়েছে তাতে তৃতীয় পণ্ডবার্যিকী পরিকল্পনার শেষে গিয়ে আরও ৪ বছর পরে আম্বা পে'ছি'র শতকরা ৮০ জন।

# The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: আপনি যে ফিগার দিচ্ছেন ওটা ভল।

# Shri Satya Priya Roy:

সেখানে আপনাদের যে দায়িত্ব আছে সেটা প্রতিপালন কর,ন, খালি দোষ দিলে চলবে না। কাজেই এই দশ্তর যেভাবে চলছে সেইভাবে চললে সংষ্ঠ্যভাবে শিক্ষা পরিচালিত হতে পাবে না। আমরা বলছিলাম উন্নয়নের জনা প্রাপ্তির টাকাটা একজন লোকের হাতে তুলে দেওল হয়েছে। শিক্ষাসচিব তাঁর ইচ্ছামত কাজ কবে যাচ্ছেন এবং ভায়রাভাই শ্রীযুক্ত এ, কে, সেনকে এনে বিসয়েছেন—এই দ্বজন ছাড়াও আমি আপনার সামনে এই অভিযোগ আনছি যে রাজ্মনত্তী পর্যনত বলেন যে আমি অক্ষম, আমি অসহায় শিক্ষা দশ্তরে, আর যাঁরা উপমন্ত্রী হয়েছেন তাঁদের কথা তো নেই। কথা হচ্ছে শিক্ষামন্ত্রীকে আমি যথন বলেছিলাম প্রথম এবং দ্বিত্রীর পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উন্নয়নের জন্য এই যে ১০ কোটি টাকা খরচ হল এটা মধ্যশিক্ষাপ্রাধিকী পরিকল্পনায় উন্নয়নের জন্য এই যে ১০ কোটি টাকা খরচ হল এটা মধ্যশিক্ষা

আমাদের শিক্ষামন্ত্রী বলেছিলেন ওটা কৈন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দেয়, কাজেই রাজ্য সরকার এই টাকা অন্য আর কারোর হাত দিয়ে খরচ করতে পারেন না। এটা কি আইনগত প্রশন? তারপর, আপনারা যে স্ট্যাট্ট্রির বোর্ড করে দিয়েছেন সেই স্ট্যাট্ট্রির বোর্ড কি আপনাদের কিছ্ম অংশ নয়? সেই স্ট্যাট্ট্রির বোর্ডের ভেতর দিয়ে যদি সম্প্র্তাবে ঐ টাকাটা ব্যায়ত হত তাহলে বাস্তবিক দেশের শিক্ষা কিছ্ম্টা অন্ততঃ অগ্রসর হতে পারত। কিন্তু সেই ১০ কোটি টাকা কিভাবে ব্যয় করা হয়েছে তা বার বার বলেছি। আমি এই অভিযোগ করছি যে এই ১০ কোটি টাকার মধ্যে ৩ কোটি টাকার জন্য যদি তদন্ত কমিটি বসান তাহলে দেখা যবে, আমরা প্রত্যেকটি বিদ্যালয়কে তার সামনে হাজির করব, ৩ কোটি টাকার কোন হিসাব নেই। ঐ ৩ কোটি টাকা শিক্ষা দন্তরের ১৩ তলায় যারা বসে আছেন তাঁদের থেকে আরম্ভ করে সম্মত শিক্ষা বিভাগের যত কর্মচারী এবং তার সংগ্য এটাও বলতে পারি যে, পরিচালক সমিতির সম্পাদক এবং এ কথা বলতে লজ্জিত নই যে কোথাও কোথাও প্রধান শিক্ষক মহাশেয় যেখানে অবশ্য সমান শক্তিশালী মাানেজিং কমিটির সংশ্য ভাগাভাগি করে ঐ কান্ড করেছেন। এর একটা তদন্ত তাঁরা করলেন না।

তারপর ডায়মণ্ডহারবারের কথা বলেছিলাম। তারা মামলা করতে যাবে কোথায়? উল্টোক্থা। আমি বলেছিলাম শ্যামনগর কাণ্ডিচন্দ্র বিদ্যালয়ের কথা। এই রকম অসংখ্য বিদ্যালয়ের নাম আমি দিয়েছিলাম, আজ পর্যন্ত দেশের দিকে তাকিয়ে শিক্ষামন্ত্রী যদি তদন্ত করে একটা কিছ্ব বাবস্থা করতেন, তাহলে ব্রুখতে পারতেন, আমরা যে সহযোগিতা চাই—দুন্নীতির বন্ধপথ বন্ধ করে দিতে চাই, সে সম্পর্কে তিনি সহযোগিতা কামনা করেন, আমরা ব্রুখতে পারি।

কথা হচ্ছে মুখামন্ত্রী সহযোগিতার কথা বলেছেন, আমরা বার বার অকুণ্ঠভাবে বলেছি, সামরা যে সহযোগিতার মনোভাব নিয়ে এগোতে চাই, সেই পথ তিনি রুদ্ধ করে দিয়েছেন কেন? ণিক্ষমনত্রী দ্বিতীয়বার শিক্ষামন্ত্রী হিসেবে এলেন, আমার তো কোন কথা হয়নি, তাঁকে সম্বর্ধনা দিতে আমরা তাঁর কাছে আবেদন জানাবার জনা সুযোগ চেয়েছিলাম। আমরা তাঁকে भग्वर्थना मिर्शिष्टलाम। এরা চায় আমাদের পদানত হয়ে থাকো, অথবা যদি কোন কথা বলো, তাহলে তোমাদের সংখ্য কোন আলেচনা চলবে না। এই মনোভাব। শিক্ষামন্ত্রীর দণ্তরের কিভাবে স্নাম হয়েছে, তার অনেকগুলি প্রমাণ এখানে দিতে পারি। আজ এখানে আমি অভিযোগ করবার জন্য দাঁড়াই নাই, মুখ্যমন্ত্রীর কাছে সহযোগীতার আহ্বান জানাবার জন্য আমরা উপস্থিত হয়েছি। কিছুকাল আগে লবীতে শ্রন্থেয় বন্ধু মহীতোষবাবার সংগ আলাপ করতেছিলাম, তিনি বলেছিলেন ও আপনাদের সরকার পক্ষ থেকে স্থিট করেছে— এল্লাজী হয়ে গেছে, আপনাদের কোন কথা শ্নবে না। আমরা কোন এলালাজী স্টিট করতে চাই না, কোন বিরূপ মনেভাব সুণ্টি করতে চাই না, দেশের কল্যাণের জন্য সমস্ত রক্ষে আপনাদের সহযোগিতা করতে চাই। এবং তার প্রমাণ আমি দিয়েছিলাম। সামান্য মাত্র আশ্বাস পেয়ে-ছিলাম মুখামন্ত্রীর কাছ থেকে, তখনই বিদ্যালয়ের কোন কাজে ব্যাঘাত না হয়, দুর্দিনের মধ্যে আমরা আন্দোলন প্রত্যাহার করে নিয়েছিলাম। সেপ্টেম্বর থেকে জানুয়ারী মাস পর্যাত ম্থামন্ত্রীকে পাঁচথানা চিঠি দিয়েছিলাম। তিনি পত্র পেয়েছেন, বা তিনি তা বিবেচনা করছেন, বা এখন বিবেচনা করতে পারছেন না, এ রকম কোন উত্তরও তিনি আজ পর্যালত দিলেন না। এই রকম অবস্থায় কি হয়ে দাঁডালো! যে সব আশ্বাস তিনি লিখতভাবে দিয়েছিলেন. সেগ্রিল নেখা যাচ্ছে শিক্ষা দণ্ডর থেকে শিক্ষাসচিব পত্র দিচ্ছেন, সেই সমস্ত প্রতিশ্রুতি ধ্রিসাৎ করে দেওয়া হচ্ছে। উদাহরণস্বরূপ বলা যায় যখন শিক্ষকদের বেতন হারের কথা বলেছিলেন—

Language teacher—trained under graduates' scale.

দেওয়া হবে ১১৫ টাকা থেকে ১৮৫ টাকা। তখন শিক্ষাসচিব ডি পি আই চিঠি দিচ্ছেন ট্রেনড আন্ডার গ্রাজ্বএট্ থেকে নামিয়ে ম্যাট্রিক টীচারদের সঙ্গে দিয়ে দেওয়া হয়েছে, বর্তমানে যা তাঁরা পাচ্ছেন, তার চেয়ে কম দেবার ব্যবস্থা করা হয়েছে। যখন মুখামন্ত্রী বেতনের হার ঘোষণা করেন, তখন বি, কম, বি, টি, কে ট্রেন্ড অন্সের বেতন দেওয়া হবে। এখন দেখতে

পাই—শিক্ষাসচিব মহাশয় মুখ্যমন্দ্রীরও উপরে তিনি বদলে করেছেন, বি, কম, ফার্ন্ট ক্লাস হলে অনার্স টীচারদের বেতন দেওয়া হবে। আর একটা স্তরে বি, কম, সেকেন্ড ক্লাস যারা, তাদের বাদ দিয়ে ঐ ব্যবস্থা করেছেন। শিক্ষামন্ত্রী জানেন কি না জানি না। বি কম ফার্স্ট ক্লাস আজও কোন বিদ্যালয়ে যোগদান করেছেন কি না জানি না, তাদের অনার্স গ্রাজুয়েটদের সমান বেতন দেবেন বলে মুখ্যমন্ত্রী বলেছিলেন, তাদের সকলকে এক কলমের খোঁচায় বাদ দিয়ে দিলেন। এ সম্বন্ধে বিস্তৃতভাবে বলবার সময় নাই। যে দশটা প্রতিপ্রত্নিত মুখ্যমন্ত্রী লিখিতভাবে দিয়েছিলেন, শিক্ষা সচিব মহাশয় সেগর্লি সম্পূর্ণ উপেক্ষা করে নিজের ফতোয়া বের করে দিয়েছেন। এতে করে সাধারণভাবে সরকারী সাহাযাপ্রাণত বিদ্যালয়ের শতকরা ৭০ জন শিক্ষকের, এবং সাহাযাপ্রহীন বিদ্যালয়ের ১৯,০০০ শিক্ষক মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রতিপ্রত্নতি দিয়েছিলেন, তা থেকে সম্পূর্ণ বিশ্বত হতে যাচ্ছেন। ফলে স্বাভাবিক ভাবেই শিক্ষকদের মধ্যে একটা চাঞ্চল্য দেখা দিয়েছে।

### ill-10 to 11-50 a.m.]

আমরা ২৩এ তারিখে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আসবো আবেদনের জন্য। তিনি বদি মনে করেন গণপ্রতিনিধিদের নিয়ে অলোচনা করা সম্ভবপর নয়, আমি ব্যক্তিগত বা কোন প্রতিষ্ঠান হতে ডেপ্টেশন-এর সপেগ আলোচনা করতে চাই; সেই রকম কোন ঘোষণা বাণী বদি তিনি করেন, তাহলে ২৩এ তারিখে প্রতিনিধি দল ঠিক করে নিয়ে মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে আলাপ আলোচনা করতে প্রস্তুত আছি। আমরা বদি তার সামনে অভিযোগ উপস্থিত করবার স্থোগ পাই, তাহলে ভাল হয়়। কারণ যে অন্যায় অবাধে শিক্ষা সচিব করে চলেছেন, তার প্রতিকার নাই। সেদিন যে গণ-প্রতিনিধি নিয়ে আসবো, সেটা সহযোগিতা ও আবেদনের মনোভাব নিয়ে আসবো; এবং আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন আমাদের সঙ্গে আলোচনা করবেন। আর তিনি বদি বলেন না, এই রকম গণ-প্রতিনিধিদের নিয়ে আসা ভাল মনে করছেন না, এবং প্রয়োজন হলে আমি নিখিল বঙ্গা শিক্ষক সমিতির প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করতে পারি; তাহলে ২৩এ তারিখে গণ-প্রতিনিধি দলের বদলে, আমাদের প্রতিনিধি প্রেরণ করবো।

# The Hon'ble Bidhan Chandra Roy:

আমি ঐ তারিখে দেখা করতে পারব না। এ্যাসেন্বলী শেষ না হলে।

# Shri Satya Priya Roy:

কবে হবে, এ্যাসেম্বলী শেষ হয়ে যাবার পর?

# The Hon'ble Bidhan Chandra Roy:

১লা. ২রা তারিখে হতে পারে।

## Shri Satya Priya Roy:

এ রকম প্রতিশ্রন্তি পেলে আমরা এই রকম কাজে কখনও যাবো না যেখানে বিন্দুমার প্রশন উঠতে পারে যে আমরা, শিক্ষকরা সহযোগিতার পথ ছেড়ে দিয়ে বিরোধিতার পথে যাছি। একথা আমরা পরিষ্কারভাবে ঘোষণা করিছি যে শিক্ষক সমাজ কখনও যে রাজনীতির কাড়াকাড়ী, সেই কাড়াকাড়ীতে যাবে না। সে তার বাঁচবার দাবী, সে যাতে তার কাজ ভালভাবে গ্রহণ করতে পারে, তার উপযুক্ত পরিবেশ সুণ্টি করবার দাবী নিয়ে আসবে।

মুখামন্দ্রী মহাশয় যে প্রতিশ্রুতি দিলেন যে ১লা, ২রা তারিখে আমাদের প্রতিনিধিদের সংগ দেখা করবেন, সেই প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও, র্যাদও আমরা একবার, দ্বার ঠকেছি: অবশ্য ঠিক ও'র কাছে ঠিকিনি: উনি যা বলে দিয়েছেন, শিক্ষা সচিব তা কেড়ে নিয়েছেন। আমরা ও'র প্রতিশ্রুতির উপর নির্ভর করে কাজ করতে রাজী আছি।

## Shri Manoranjan Cupta:

माननीय अधाक मरहापय, जामि श्रधान् नम्याय मन्दर्भ पर्-ठार्बार्व कथा वनव।

প্রথমেই আমি গভর্নমেন্টকে অভিনন্দন জানাই, এবারে সমবায়ের জন্য একজন পৃথক মন্দ্রী নিয়োগ করার জন্য। আমরা যখন সমবায়ম্লক সাধারণতন্ত্র প্রতিষ্ঠার আদর্শ গ্রহণ করেছি, সেই আদর্শ র্পায়িত করবার ভার যে পোর্ট ফোলিওর উপর সেই পোর্টফোলিও যে সর্বাপেক্ষা গ্রহ্পণ্ণ, তাতে সন্দেহ নেই। আমরা বলে থাকি আমরা রাজনৈতিক স্বাধীনতা পেরেছি, কিন্তু, অর্থনৈতিক স্বাধীনতা এখনও পাই নি। আমাদের নিজেদের চেন্টায় তা অর্জন করতে হবে, তা আকাশ থেকে পড়বে না। তার মানে রাজ্মশিক্ত হাতে নিয়ে তার সাহায্যে সমগ্র দেশের অর্থনীতি গড়ে তুলতে হবে, এমনভাবে যাতে আমরা অর্থনৈতিক স্বাধীনতা লাভ করতে পারি। অর্থনৈতিক স্বাধীনতা মানে কি এবং কবে হবে। যেদিন দেশের প্রত্যেকটি মানুষ একটা

minimum standard of good living

-এ পে'ছিাবে। অর্থাৎ যখন খাওয়া, পরা, শিক্ষা, স্বাস্থ্য এবং মাথার উপরে আচ্ছাদনের ব্যবস্থা সম্বন্ধে একটা লোকেরও বিশেষ কোন অস্ক্রিধা থাকবে না। অর্থনৈতিক স্বাধীনতা মানে কি? মানে দেশের আপামর জনসাধারণের দারিদ্র দ্বভোগ থেকে ম্বন্তি। যেদিন দেশের প্রত্যেকটি মানুষ একটা

minimum standard of well being

-এ পে'ছাবে। অর্থাৎ যখন খাওয়া, পরা, শিক্ষা, স্বাস্থ্য এবং মাথার উপরে আচ্ছাদনের ব্যবস্থা সম্বন্ধে দেশের একটা লোকেরও বিশেষ কোন অস্ক্রিধা থাকবে না, তখনই আমাদের উদ্দেশ্য সিন্ধ হবে, অর্থনৈতিক স্বাধীনতা অধিগত হবে।

ধনতান্দ্রিক অর্থনীতির আওতায় যে এই অবস্থার স্থিত হতে পারে না, তা বলাই বাহ্না। আমরা স্বাদিক বিবেচনা করে এই সিন্ধান্তে পেণছৈছি যে একমাত্র সমবায় অর্থনীতি চাল্প্র্য়ে উঠলে এই সমস্যার স্কৃত্ব সমাধান সম্ভবপর। তাই আমরা সমবায়ম্লক সাধারণ প্রতিষ্ঠার আদর্শ গ্রহণ করেছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার হাতে এই যে একখানা বই আছে, এই বইয়ের নাম, To-wards the co-operative commonwealth, by T. W. Mercer,

বেরিয়েছে ইংলন্ড থেকে ১৯৩৬ খ্ল্টাব্দে। এই বইয়ের উপ-নাম, Sub-heading, is, why poverty in the midst of plenty

প্রাচ্বের মাঝে দারিদ্র্য কেন? তার মানে আজকের দিনে বিজ্ঞানের সহায়তায় মান্বের উৎপাদন ক্ষমতা এত বৈড়েছে যে দ্নিয়ায় আজ কারো কোন অভাব থাকার কথা নয়। তথাপি এই প্রাচ্বের মাঝেও এত দৈন্য কেন? এই বইতে এ প্রশেনর জবাব দেওয়া হয়েছে। বলা হয়েছে যে সমুহত দেশে সমুবায়ুমূলক সাধারণতন্ত্র প্রতিষ্ঠিত হলে, দারিদ্র সমস্যার সমাধান হবে।

তাই আমরা এই সমবায়মূলক সাধারণ প্রতিষ্ঠার আদর্শ করেছি।

এটা হচ্ছে ৩০এ শ্রাবণের কাগজ। আমি আমার বস্তব্যগৃলি রাখছি, পরে উত্তর জিজ্ঞাসা করলে ভাল হয়। এ'রা আরও লিখছেন—"একশোটা থানা ফার্ম দ্থাপন হয়। গত এক বছরে ৬৬ হাজার মণ উন্নত ধান্য বীজ ও জর্বরী অবদ্থার জন্য ৫,৯৩১ মণ বীজ বিতরণ এবং ১০০টি রকে ১০০ টন কমপোদেটর সাহায্যে চাষীদের স্ববিধা হচ্ছে বটে, কিন্তু, এখনও কৃষির জন্য অধীর আগ্রহে মন্ত্রী থেকে শ্বর্ করে সরকারী দশ্তরের সকল কর্মচারী, আর চাষীকে আকাশের ম্থের পানে চেয়ে থাকতে হয়।" এটা সত্য। সেই জন্য আমাদের সকল প্রচেণ্টার মধ্যে সরকার কিরকমভাবে সেদিকে নজর রেখেছেন সেই দিক দিয়ে বিচার করে এই বিতর্ক সভায় সরকারের বায় বরাশের হিসাব যদি সমালোচনা করা হয় তাহলে বোধহয় সত্যিকারের কর্তব্য পালন করা হবে বিরোধীপক্ষীয় বন্ধ্বদের। তবে কথা উঠতে পারে যে যাতে কৃষি উৎপাদন বাড়তে পারে সোদকে সরকার লক্ষ্য রেখেছেন কিনা, এবং এরজন্য ছয় লক্ষ্য টাকা বায়বরাশ্দ কম ধরা হয়েছে কিনা? আমি জানাতে চাই—১৫৮ লক্ষ্য একর জমিতে জাপানী প্রথায় ধানের চাযের জন্য সব রক্ম স্বন্দোবসত আমরা করেছি। এবং তার জন্য যে টাকা বরান্দ করা হয়েছিল, তারচেয়ে কা টাকাতে আমরা করতে পেরেছি। এর জন্য সরকারের ধনাবাদ পাওয়া উচিত, না কটাক্ষ শোলা উচিত, এটা আমার বন্ধ্য নিরেন দাস মহাশ্বাকে জিজ্ঞেস করতে চাই।

এটাও আঘরা দেখছি মেদিনীপুর জেলার কেলেঘাই, গড়বেতা এবং উত্তরবংশের ভিছতর সরে বিন প নর্দ্ধারের আছে স্বক্ষা পরিকল্পনা খুন প্রত অগুগতির পথে চলেছে। ঐ সকল বিন যাদ চায়ের জামতে পরিণত হয়, এবং অলপ নায়ের যদি সেখানে চায় করতে পারি ত হলে পশ্চিনবংগর সকল শ্রেণীর মান বের কাছ থেকে আমাদের সরকার ধন্বাদ পাওয়ার যোগা, না ক্ষেব পাওয়ার যোগা, এটা বিচার্য বিষয়। আমার কি খাদাসম্ভার বাড়াবার সামোগা, সাম্বিধার ক্রেম্থা করছে, না, করছি নাও এটা আমি আমার বন্ধ্দের জিজ্ঞাসা করতে চাই। একথা সতারে বৃহৎ ও মাঝারী সেচের মধ্য দিয়ে ও লক্ষ ৪৩ হাজার একর জামতে ক্ষল বাড়াবার চেণ্টা বর্ষাছ ও ফলবতীও হয়েছি; এবং ক্ষাদ্র সেচের মারফত ১১ হাজার একর জামতে চাষ করেছি শুধ্ব ময়, সেখানে ফলবতীও হয়েছি। তাহলে কি বিরোধীপক্ষ বন্ধদের কটাক্ষ করবার কোন শুগত কারণ থাকতে পারেও

#### 110-10-10-20 a.m.1

এছাড়া আমরা আরও কাজ করেছি। আমরা কি করেছি? আমরা দেখছি বৃহৎ কংসাবহাঁ পরিকল্পনা যদি আমরা স্বার্থক করে তুলতে পারি. যেটা স্বার্থকতার পথে গিয়েছে বলে স্বাকার করতেই হবে, তাতে আমরা ৯ লক্ষ ৫০ হাজার একর জামিকে সেচ দিয়ে ফলবতী করতে পারবো। শৃধ্ব তাই নয়, আমরা আমাদের খাদ্য সমস্যা সমাধানের পথেও এগিয়ে চলেছি। এই গেল একদিক। অপর্রাদকে একটা দরিদ্র দেশকে গড়ে তুলতে গেলে আমাদের প্রয়েজন হচ্ছে

খান্য, বন্দ্র, আশ্রয়, তারপর আসছে শিক্ষা, তারপর আসছে দ্বাস্থ্য। এই বায় বরান্দের মধ্যে সেদিকে লক্ষ্য আছে কিনা সেটাই আজকে বিচার্য বিষয়। আমরা দেখতে পাচ্ছি এদিকে সম্পূর্ণ লক্ষ্য রেখেই এই বাজেট আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় প্রস্তাব করেছেন। আমাদের সামনে কয়েকটি বিষয়ের সমালোচনা করা হয়েছে, তার মধ্যে একটা বড় প্রশ্ন তোলা হয়েছে যে মূল্য বাদ্ধ হচ্ছে এবং তাতে সমুহত মানুষের উপর বিশ্ব করে সীমিত আয় বাদের তাদের উপর কঠিন চাপ সা । হচ্ছে। যারা আর্থনীতিবিদ এখানে আছেন তাদের জানা উচিত যখন একটা মুক্তবড প্ল্যান্ড ডেভেলাপুমেন্ট-এর মধ্য দিয়ে একটা দেশ চলে, যখন তাডাতাড়ি বহু লক্ষ্ ও কোটি টাকা বায় করে একটা দরিদ্র, অনুমত দেশকে উন্নত করতে হয় তখন এই বহু টাকা ব্যয়ের ফলে যে মূদ্রাস্ফীতি দেখা দেয় তাতে মূল্যবৃদ্ধি অবশাস্ভাবী একথা অথ বিদরাও স্বীকার করেন। আমি আশ্চর্য হয়ে যাই এখানে আমার বন্ধরো অর্থনীতির এই সহজ ও সতা নিরমকে অগ্রাহ্য করতে চান। এবং এই মুদ্রাস্ফীতির ফলে যে দ্রবাম্লা বাড়ে সৌদকে লক্ষা রাখতে হয় সরকারকে যাতে যে মূল্য বাড়ছে সেটা এমন জায়গায় না পে ছায় যাতে জনসাধারণের উপর একটা চাপ সাভি করতে পারে—সেদিকে লক্ষ্য রাখাই সরকারের কাজ। আজকে আমর দেখতে পাচ্ছি পশ্চিমবংগ সরকার বিশেষ করে এই দিকে লক্ষ্য রেখেছে। আজকে তাই যে মূল্য ব্যাম্থর পথে আমরা চলেছি তাতে এমন অবস্থার স্ভিট করতে পারে নি যাতে নরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণী বিপদগ্রস্ত হতে পারে। এবং আপনারা জানেন এ বিষয়ে সবচেয়ে বড় উত্তর আমরা পেরেছি। এই যে কয়েকদিন আগে যে সাধারণ নির্বাচন হয়ে গেল—আমি এখানে রাজনৈতিক উদ্দেশ্য সিন্ধির জন্য বলছি না. কেবলমাত্র গণতান্ত্রিক একটা নিয়ম ও পন্ধতির কথা ব্যাখ্যা করে বলা প্রায়োজন বলেই বলছি—এখানে কোটি কোটি মানুষ তাদের ভোটাধিকারের স্বারা মাত্র কিছুদিন আগে তাদের মত প্রকাশ করেছেন মন্ত্রাস্ফীতির জন্য মূল্য বৃদ্ধি যদি দৃঃসহ অবস্থার কার্য স্থাতি করতো তাহলে নিশ্চয়ই তার প্রতিক্রিয়া এই নির্বাচনের মধ্যে দিয়ে বের্তো। আম জিজ্ঞাস করতে চাই আমার বন্ধনের মলোবান্ধি সম্বন্ধে জনমত কি রায় দিয়েছে? তারা নিশ্চয়ই ম্লা বৃদ্ধির জন্য কল্পিত, দঃসহ বেদনার কথা তলে রাজনৈতিক কারণ সিদ্ধির জন্য এই সভায় এই বিতর্ককে একটা ঘোরালো জিনিসে পরিণত করতে চেয়েছেন—এটা ঠিক হয় নি। আজকে একথা বলতে চাই সত্যপ্রিয়বাব কে—তিনি অত্যন্ত রাগান্বিত হয়েছিলেন যখন আমাদের বন্ধবের কংগ্রেস দলের একজন সভা বলেছিলেন এ বি টি এ কমিউনিস্ট পার্টির একটা শাখা বিশেষ: কেননা মুখ্যমন্ত্রীর নির্বাচনকেন্দ্রে এ বি টি-এর সভারা কমিউনিস্ট পার্টির হয়ে কাজ করেছেন। একথা কি অস্বীকার করতে পারেন তিনি? (ইন্টারাপসানস্।) আমরা আজকে এই সভাকক্ষে একটা কোর্ট বসাতে চাই না, কিন্তু তিনি যদি প্রয়োজন মনে করেন আমি রাজী আছি প্রমাণ করবার জন্য যে কোন্ কোন্ এ বি টি এর সভ্য এই কাজ করেছিল তার নামের তালিকা যদি চান আমি দিতে পারি, তাঁকে আমি এইট্রুকু বিশ্বাস করতেও রাজী আছি—তিনি যখন একটি এতবড পদস্থ ব্যক্তি যে তিনি সেই নামের তালিকা নিজে বিচার করে তার সত্য নির্ধারণের পথে এগিয়ে আস্কা। আমি এখানে তাঁর সঙ্গে আর বিতর্ক করতে চাই না।

Shri Satya Priya Roy: I accept the challenge.

# Shri Krishna Kumar Chatterjee:

আমরা যেটা আলোচনা করছি সেটা বাজেট অর্থাৎ বায়বরান্দের হিসাবের আলোচনা। প্রসংগক্তমে যদিও এটা এসেছে, আজকে সত্যপ্রিয়বাব, যে কথা বললেন তাতে আমার আর কিছ্ম বলা চলে না। একটা মিথ্যাকে জাের করে বলবার চেণ্টা করলে তা সত্য হয়, না। সত্য ঘটনার উপর যদি তা প্রতিষ্ঠিত হয় তাহলেই তা সত্য হয়। আমি একটা কথা আপনার মারফত তাঁর কাছে বলছি, তিনি চ্যালেঞ্জ-এর কথা বলেছেন, যদি আমরা প্রমাণ করতে পার্নির যে এ বিটি এ, সম্পূর্ণ ভেশ্যে দিতে তিনি রাজনী আছেন কিনা। এতে এত উদ্মা প্রকাশ করার প্রয়োজন নেই।

সারে আমরা এই সমস্ত বিষয়ের মধ্যে দিয়ে দেখেছি গ্রাম এবং শহরের প্রতি মুখামকী ্যবরান্দ সন্বন্ধে সমান দুল্টি রেখেছেন। এটা একটা কল্যাণের কথা। যেমন গ্রামের উন্নতির দ্র্যা দিয়ে দরিদ্র মানুষের জীবনের মান উন্নয়ন করবার একটা ইঞ্চিত রচনা করবার চেণ্টা বাজেটে ন্য়েছে তেমনি শহরে যে চাপ সূচ্টি হচ্ছে, শহরের জীবন যে বিধন্নত হতে চলেছে সে ঘটনার দকেও আমাদের মুখ্যমন্ত্রীর যে সম্পূর্ণ লক্ষ্য আছে তা প্রকাশ পেয়েছে, যাদও এটা ঘাটাত রাজেট এই ঘার্টতি বাজেটের মধ্যেও এই সত্য পরিস্কার করে আমরা দের্থাছ। আমাদের বাংলা-দ্র্যের মুখ্যমন্ত্রী, যিনি অর্থমন্ত্রীও বটে, তিনি যখনই কোন পরিকল্পনার জন্য ঋণ চেয়েছেন, প্রচর পরিমাণে সময়ের পূর্বেই সেই ঋণ এসে গিয়েছে তাতে বোঝা যায় যে পশ্চিমবংগ প্রিচালনার ব্যাপারে তিনি আর্থিক ক্ষেত্রে নিশ্চয়ই দক্ষতার সংখ্য পারচালনা করছেন যার ফলে এই সমস্ত ঋণ অতি সহজেই আমরা পাচ্ছি, এবং অতি সহজেই তা শোধ করতেও পারছি। ্রাদক দিয়ে যদি আমরা বিবেচনা করি তাহলে আমার বিরোধীপক্ষের বন্ধ দের সমরণ করা। -উচিত যখন বহু, দুঃখ দুদুর্শার মধ্য দিয়ে পশ্চিমবংগকে অতি দুতেগতিতে উন্নতির পথে নিয়ে ঘাবার যে প্রচেষ্টা চলেছে তাতে যদি তার খুটিনাটি দোষ ঘটে এবং সে বিষয়ে বিতর্কের মধ্যে তিন্ত সমালোচনা করে তাদের দেশের প্রতি কর্তবা শেষ করা হয় বলে তাঁরা মনে করেন, তাহলে রোধহয় তাদের এই ব্যবহারকৈ বাংলাদেশের সাধারণ মানুষ ক্ষমার দুর্গিটতে দেখবে না। আমাদের সমস্ত লোকেরই প্রয়োজন মেটাতে হবে।

আমি বলতে চাই বাংলাদেশ গড়ার কাজ আমরা হাতে নিয়েছি এবং এবিষয়ে সকল প্রকার দায়িত্বও নিয়েছি, কিন্তু বিরোধীপক্ষের বন্ধন্দের ত সে দায়িত্ব নাই। তারা শৃধ্ব সমালোচনা করেই নিজেদের দায়িত্ব পালন করে থাকেন তাতে সত্যিকারের দেশের প্রতি কর্তব্য করা হয় না বলে আমরা মনে করি। যাই হউক সবশেষে আমি একটা কথা বলতে চাই যে, আমাদের দেশে যে বেকার সমস্যা দেখা দিয়েছে সেই বেকার সমস্যা দ্র করতে না পারলে বাংলাদেশ বিশ্বস্ত হয়ে যাবে। সেইজন্য বলছি এই সমস্যার সমাধান করতে হলে সমস্ত মান্যের সহযোগিতা পাবার জন্য মুখ্যমন্ত্রী মহাশার যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করা সকলেরই উচিত বলে মনে করি। এবং যে বাজেট তিনি আমাদের সামনে এনেছেন তাকে আমি স্বন্তিকরণে সমর্থন জানিয়ে আমি আমার বন্ধব্য শেষ করছি।

### Shri Satya Priya Roy:

অন এ পয়েন্ট অফ প্রিভিনেজ স্যার, এখানে জনৈক সভ্য আমাকে ব্যক্তিগতভাবে আক্রমণ করেছে, তিনি বলেছেন যে, আমি নাকি চৌরংগী এলাকায়—মুখ্যমন্দ্রীর নির্বাচনী এলাকায় তার বিরুদ্ধে কাজ করেছি। আমি বলছি এটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হউক। তিনি নাকি একটা তালিকা দেবেন বলেছেন, সেই তালিকা আমাকে দেওয়া হউক। এটা স্যার প্রিভিনেজ কমিটিতে দেওয়ার জন্য আমি আপনাকে অনুরোধ করাছ।

10-20-10-30 a.m.

#### Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, ম্থায়ল্যী মহাশয় ১৯৬২-৬৩ সালের যে বাজেট বিধানমণ্ডলীতে উপস্থাপিত করেছেন সেই বাজেটের ভাষণের শেষ উপসংহারে গিয়ে তিনি বলেছেন—এই বিরাট কাজের প্রতি দ্ভিপাত করিলে সম্ভাবনার কথা ভাবিয়া আমার রোমাণ্ড ছাগে। সাার, ম্খান্তার রোমাণ্ড জাগছে জাগ্রক। আমারও রোমাণ্ড জাগে এজন্য যে, আগামী বাংলাদেশের যে চিচ্ন সেই চিত্রের দিকে দ্ভিপাত করে। মাননীয় কেণ্টবাব্বলেছেন যে বাংলাদেশ নাকি খ্ব এগায়ে যাছে, কিন্তু আমার এই অগ্রগতি দেখে মনে শঙ্কা জাগছে। ম্থায়ল্যী তাঁর বাজেটের ৯ এবং ১০ প্তায় অনেক কিছ্ব অর্থ বণ্টনের ব্যাপার সম্বন্ধে বলেছেন, অনেক প্রকল্পের কথা বলেছেন, ম্লধনী খাতে কি কি বায় করছেন ইত্যাদি সব পারকল্পনার কথা বলেছেন। কিন্তু আমি আপনার মাধ্যমে ম্থায়ন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে প্রথম ও দ্বিতীয় পরিকল্পনার যে ১০ বছর এবং তৃতীয় পরিকল্পনার যে প্রথম বছর পার হয়ে গেল সেই ১১ বছরে গশিচমবাংলার এই মন্ত্রীমণ্ডলী যে ক'টি প্রকল্প হাতে নিয়েছেন তার কোনটার ধারেকাছে তাঁরা শেতে পেরেছেন? আমার মনে হয় তার অর্ধেকও তাঁরা পারেন নি এবং যে অর্থবিদ্যাদ্দ হয়েছে

সেই অর্থ বহু বিভাগে অব্যয়িত থেকে গেছে। আমি এই বাজেট থেকে আপনার মাধ্য ও'দের কাছে কিছু নিবেদন করব। মুখামন্ত্রী মহাশয় অনেক পরিকল্পনা করোছলেন সেগ্রিল কি হল? গভীর সমুদ্রে মাছ ধরার জন্য বর্ণা, সাগরিকা কোথায় গেল? লক্ষ্ণ লক্ষ্ণ টাব বংগাপসাগরের গভার জলের তলায় গেল। সেই পরিকল্পনায় কি হল। মুখ্যমন্ত্রী মহাশ্য এব প্রধানমন্ত্রী খ্রী নেহের, বন্যাকে আশীর্বাদর্পে বর্ণনা কর্রোছলেন। বাংলাদেশে ১৯৫৯-৬৫ সালে যথন বন্যা হল তথন মুখ্যমন্ত্রী মহাশয় আদর্শ গ্রাম করার পরিকল্পনা করেছিলেন ১৯৫৯ সালে নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে যেসমসত স্কুলবাড়ী ভেঙেগ গেল সেগ্রিল কি হবে—এ নিয়ে যখন মুখামলাীর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম তখন তিনি রাইটার্স বিলিডংস-এ বসে বহু হিসাব দিয়েছিলেন এবং আদর্শগ্রাম করবেন বলে বহু কে.টি কোটি যে ইট পোডাচ্ছেন সে কথাও বলেছিলেন। কিন্তু মুখামন্ত্রীকে জিজ্ঞাসা করি যে কটা আদর্শগ্রাম তিনি তৈ। করেছেন আমার মুশিদাবাদ জেলার কাঁদি, ভরতপুরে ইত্যাদি জায়গা সব ভেসে গেছে কিন সেসব জায়গায় আদর্শগ্রাম তৈরি করা তো দুরের কথা, একটা কুটিরও হয় নি। ওরা বলছে ভিপ টিউবওয়েল করবেন। বাংলাদেশে দ্বিতীয় পরিকম্পনায় ১৬০টা ডিপ টিউবওয়েলে জায়গায় ২১টা মাত্র হয়েছে। অতএব বলনে যে পরিকল্পনা যেসব করা হচ্ছে সে সবই ধাপ্যা হাজারের উপর যেখানে গভার নলকূপ করার চেণ্টা করেছিলেন, সেখানে করেছেন মাত্র ৪৬২টা এই ১১ বছরের পরিকল্পনার মধ্যে এই বাজেটের মধ্যে বারেবারে বহু কথা বলা হয়েছে, কিল্ তাঁরা কোন পরিকল্পনার ধারেকাছে পর্যন্ত যেতে পারেন নি। কেন্টবাব, বলছেন যে আগর নাকি সমস্ত জন্ডিস আই নিয়ে দেখি। কিন্তু এই হচ্ছে বাস্তব সত্য। এর ওই সতারে জাগলারী অফ ওয়ার্ডাস দিয়ে বাজেট ভাষণ দিয়ে, স্ট্যাটিস্টিকালে জাগলারী দিয়ে মানুষের ফ থেকে ম.ছে ফেলা যাবে না। নির্বাচনের কথা উঠেছে, এ ব্যাপারে কিছু, লোককে ভোলান যায় কিন্তু সব লোককে চিরকালের জন্য ভোলান যায় না। যাই হোক, এসব কথার মধ্যে যেতে চাই না ম্খামন্ত্রী মহাশয় বলেছেন যে নতুন কর আসবে না। গতবারও তিনি ঐ একই কথা বলেছিলে কিন্ত পরে আমরা কি দেখলাম?

বছরের শেষে গিয়ে দেখলাম যে প্রমোদকর বসিয়ে দিলেন এবং বাড়িয়ে দিয়ে কয়েক লফ টাকা বাংলাদেশের কাছ থেকে, মধ্যবিস্তদের কাছ থেকে আদায় করে নিলেন। নতুন কর বসাকে না এই সাবধানবাণী প্রত্যেকবার বাজেট প্রস্তাবের সময় দেন কিল্তু আমরা দেখতে পাই অর্থনাতিক বছরের শেষে গিয়ে নতুন নতুন করের আঘাত বাংলাদেশের উপর বার বার আসে।

উৎপাদন বৃদ্ধির কথা তারা বলছেন, এবারকার বাজেটে, স্তুতী বন্দ্র, লৌহ উৎপাদন, কয়ল উৎপাদন, বিদ্যুৎ উৎপাদন তারা বাড়িয়েছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কি? অর্থানীতির প্রশ্ন তুলেছেন আমাদের বন্ধু কৃষ্ণবাব্। কিন্তু অর্থানীতির মূল কথা হল উৎপাদন যদি বাড়ে জিনিসপরের দাম কমে, আর না কমলেও অন্ততঃ জিনিসপরের মূল্যমান স্থিতিশীল থাকবে উৎপাদন বেড়েছে একথা অন্ববীকার করি না, কিন্তু তার সঙ্গে সঙ্গো কি দেখছি, গত বছর কয়লার উৎপাদন বাড়লেও ২০২৭ নয়া পয়সা বেড়েছিল টনে, তারপর বাড়ল ১৩ টাকা। প্রতোব বছর বাদে বাড়বার আশান্ধা আমরা শ্বনতে পাচ্ছি। তেমনি কাপড়ের দামও বেড়েছে। আমার কাছে তালিকা আছে, তালিকা পড়বার সময় নাই—আমি প্রত্যেকটি জিনিসের দরের তালিকা হোলসেল প্রাইস এবং রিটেল প্রাইস দোকানদারদের হাত থেকে নিয়ে এসেছি। গত বছর মার্চ এবং এবারকার মার্চ-এ দেখছি প্রত্যেকটি আইটেম গ্যালোপিং স্পীড-এ বেড়ে যাচ্ছে। এই যে অর্থানীতির কথা উৎপাদন বাড়বে এবং জিনিসপরের দামও বাড়বে গ্যালোপিং স্পীড-এ এই শুর্থানীতির কথা স্যার, আমি ব্রুতে পারি না।

এ'রা সমাজতন্ত্র করবেন বলেছেন। সমাজতন্ত্রের নামে দেখতে পাচ্ছি কি? যে ৮িট পরিবার আমাদের দেশে ব্যক্তিগত প'র্জি খাটায়—টাটা, বিড়লা, সিঙ্গানিয়া, মার্টিন বার্ণ তার পরিমাণ হল ৮৭৬ কোটি টাকা। এর মধ্যে শ্বেষ্ টাটা আর বিড়লার প'র্জি হচ্ছে ৫৮১ কেটি টকা।

দ্বতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার বিঘোষিত উদ্দেশ্য ছিল ধনী ও দরিদ্রের আয়ের পার্থিক। দরে করা, আয়ের সমতা নিয়ে আসা। কি হয়েছে? ১৯৪৭ সালে বিড়লার পর্ট্রিজ ছিল ১৪ কোটি টাকা। আজকে সেটা বেড়ে হয়েছে ২৫১ কোটি টাকা। এইভাবে সমাজতন্দ্র আসবে?

দম্মত জাতীয় আয়ের অধিকাংশ যাবে ৮টি পরিবারের হাতে। শতকরা ৭৮ ভাগ তাদের হাতে। গরের পরবে। জিনিসপত্রের দাম হ্ হ্ করে বাড়তে থাকবে দিনের পর দিন, আর এভাবে দমাজতন্ত্র আসবে—এ কি তাদের বস্তব্য? এ বস্তব্যকে আমরা স্বীকার করে নিতে পারি না, আমরা মেনে নিতে পারি না। স্মার মুখ্যমন্ত্রী নিজেও জাতীয়করণের বিরুদ্ধে একথা বারবার জানিয়েছেন। সেদিন আমাদের বন্ধ্ব অর্রবিন্দবাব্ বলেছেন সোসালিজম-এর মূল বথা হছে ন্যাশনালাইজেশন অফ ইন্ডাম্প্রিজ। আমরা যথন বার বার চটকল, চা-বাগান এবং অন্যান্য দম্মত শিল্পের কথায় এসেছি, মুখ্যমন্ত্রী মহাশয় বারবার এই পরিষদে জাতীয়করণ নীতির বিরোধীতা করেছেন এবং সেইমত তিনি বলেছেন। সমাজতন্ত্র আনবেন এসমন্ত কথা আজকাল শ্রাছ। সমাজতন্ত্র পরের কথা। কো-অপারেশন ব্যাপারে নগেনবাব্, বলেছেন। কো-অপারেশন ব্যাপার একবার দেখন বাজেটে। সমবায় সমাজতন্ত্রের পেণ্ছবার দিকে অন্ততঃ পদ্বিক্ষেপ। সেই কো-অপারেশন সম্বন্ধে এদের মনোভাব কি? সমাজতন্ত্র ন্যাশনালাইজেশন পরের কথা। সমবায় খাতে বাজেট বরান্দ ছিল ৫৭ লক্ষ ৭৩ হাজার টাকা। ১৯৬১-৬২ সালে রিভাইজত্ব এপিনেট যথন করা হল সেটা কমে এসে দাঁড়াল ৪৭ লক্ষ ৬৫ হাজার টাকা। এবারের বাজেটে কো-অপারেশন সম্বন্ধে বলতে গিয়ে বললেন কমে গেল, খরচ করতে পারলেন না। কেন বলছেন

The decrease is due to smaller provision for the developments— থরচ করতে পারলেন না ১১-১২ লক্ষ টাকা; এই হচ্ছে কো-অপারেশন সম্বন্ধে মনোভাব। এরা আবার বড বড সমাজতন্ত্রের কথা বলেন।

# [10-30-10-40 a.m.]

আর এবারে সমবায় খাতে বরান্দ হোল ৭৩ লক্ষ ২৪ হাজার টাঁকা। আমরা নিখিল বঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে বিলিডং কো-অপারেটিভ করে যারা অলপ আয়ের শিক্ষক তাঁদের জন্য কিছু জমি কিনে বাডি তৈরি করে দেবার চেন্টা করছিলাম বলে মুখ্যমন্ত্রীর সন্ধ্যে দেখা করে এ সম্বন্ধে কথাবার্তা বললাম এবং নগেনবার, এ সম্বন্ধে ভাল বোঝেন বলে তিনিও আমাদের জন্য কিছুটো করেছিলেন। কিন্তু দেখাগেল সমবায়ের যে নীতি এবং আইনকাননে তাতে আর যাই হোক বাংলাদেশে কো-অপারেটিভ হবে না। এ'রা সমাজতন্ত্রবাদের কথা বলছেন অথচ এদিকে দেখছি বাংলাদেশে কো-অপারেটিভ মুভমেন্ট ফেলই করল। গত বছর যথন ১২ লক্ষ টাকা খরচ করতে পারলেন না তখন ঐ সব বড় বড় কথা না বলে বলান যে, আমরা খরচ করতে পারছিনা। তারপর, শিক্ষা যে অবস্থায় এসে দাঁডিয়েছে তাতে শিক্ষা খাতে বরান্দ করে এ'রা আত্মপ্রসাদ লাভ করেছেন। অবশ্য শিক্ষা থাতে এরা গত বছর থেকে ১ কোটি ১৫ লক্ষ ৯১ হাজার টাকা বেশী বরাদ্দ করেছেন এবং এই নিয়ে শিক্ষামন্ত্রী মহাশয় হয়ত বলবেন যে, এত বেশি খরচ করছি তব্তও শিক্ষার অগ্রগতি হচ্ছেনা বলে এ বি টি এ-র লোকেরা বলছেন। কিন্ত আমার বস্তব্য হ'ল যে. ইউনিভার্সিটি কিছু বাড়ালে বা ১ কোটি টাকা বাড়িয়ে তাঁরা কিছু করতে পারবেন বলে কি আশা করেন? এতে যা বেড়েছে তার মধ্যে প্রভিসন করছেন—লার্জার প্রভিসন ফর ডেভেলপমেণ্ট স্কীম অর্থাৎ ৯৭ লক্ষ ১৬ হাজার টাকার বাড়ি-ঘর তৈরি হবে। কিল্ত আমরা বারেবারে বলেছি এবং এখন আবার চ্যালেঞ্জ ক'রে বলছি যে, ডেভেলপমেণ্ট খাতে বাড়ি-ঘরের জন্য যে ১০ কোটি টাকা ব্যয় হয়েছে তার মধ্যে ৩।৩॥ কোটি টাকা পুকুর চুরি হয়েছে। যদি কারুর সাহস থাকে তাহলে এই চ্যালেঞ্জ এ্যাকসেণ্ট কর্ন। আমরা তদন্ত কমিটি বসাতে বলেছিলাম কিন্তু সেটা বসালে অনেক কিছু ফাঁস হয়ে যাবে সেইজন্য এ'রা তা' করতে চাচ্ছেন না। স্যার, ৩ বছর আগে এখানে আমি একটা চিঠি প্রকাশ করে দেখিয়েছিলাম যে শিক্ষাদপ্তর একটি ঘুঘুর বাসা হয়ে রয়েছে। ক্যজেই আমি বলছি যে একটা তদন্ত কমিটি বসান এবং তা' আমাদের লোক না নিয়ে যদি সরকারী লোক নিয়েও বসান তাহলে দেখবেন যে কোটিকোটি টাকার তহবিল-তছরূপ ধরা পড়েছে। ্রপর, রবীন্দ্র রচনাবলীর জন্য এবছর টাকা বরান্দ করেছেন এবং এই ২ বছর মিলিয়ে ১৬ লক্ষ টাকা বরান্দ হোল। কিন্তু সেই রবীন্দ্র রচনাবলীর সব খণ্ড এখনও বের,লনা। ১, ২, ৩, ৪, এবং ৭ম খণ্ড বেরিয়েছে কিন্তু মাঝখানের ৫ এবং ৬ণ্ঠ খণ্ড কোথয়া গেল? কথা ছিল এই বছরের <sup>মধ্যে</sup>ই সমস্ত ভলিউম বার ক'রে দেওয়া হবে কিন্ত যে অবস্থা দেখছি তাতে সেটা কিভাবে যে হবে আমি তা ব্রুতে পারছিনা। তারপর, মধ্যশিক্ষার ক্ষেত্রে যে বিশৃংখলা চলছে সেকথা অবশ্য শিক্ষামন্ত্রী মহাশয় স্বীকার করেন নি কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন বলেছেন যে, সমস্ত বিশৃংখলার জন্য মাস্টাররা দায়ী। এই হচ্ছে এ'দের এ্যাটিচুড। কিন্তু ১৯৬১ সালের সেপ্টেম্ব্র মাসে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়েছে—

Facilities available to students and teachers for study and work in Higher Secondary Schools in West Bengal.

এটা হচ্ছে

an educational survey, preliminary report No. 1, Calcutta and 24-Parganas, by P. K. Bose and P. K. Banerjee.

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যাঁরা এই হায়ার সেকেন্ডারি এবং মাল্টিপার্পাস স্কুল সম্বন্ধে তদনত করবেন—গোটা রিপোর্ট পড়বার সময় আমার নেই—তাতে একটা রিভিলিং পিক্চার বেরুরে। কলকাতা বিশ্ববিদ্যালয় কলকাতা এবং ২৪-পরগণার হায়ার সেকেন্ডারি, মাল্টিপার্পাস স্কুল এবং ক্রাফ্ট টিচিং সম্বন্ধে তদনত করে যেসমস্ত কথা বলেছেন তা হোল এই যে,

The little scope for choice of craft subjects that is left to students and the little attention that the authorities are paying to instructions in craft go to show that the objectives of the Secondary Education Commission have hardly been accompolished.

ক্রাফ্ট টিচিং একেবারে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। টাকা খরচ করছেন কিন্তু কিছুই হচ্ছে না।

তারপর কথা হচ্ছে জেনারাল সায়েন্স সম্বন্ধে। সেখানে ও'রা বলছেন যে ৪০ পার্সেন্ট স্কুলে সায়েন্সের কোন ব্যবস্থা নেই। এইরকম কত ওভারক্রাউডিং লাইর্ব্রোর—

There is no provision for employing a part-time or full-time librarian.

এই বইটা শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই পড়েছেন। এই রিপোর্টে হালে ক্যালকাটা ইউনিভাসিটির Statistical Department of Post-Graduate Section

তদন্ত করে বের করেছেন। যে হরিবল পিকচার আমরা বলেছিলাম তার চেয়েও নানারকম বিশৃত্থলার মধ্য দিয়ে আজকে পশ্চিমবত্গের মাধ্যমিক শিক্ষা জগৎ চলেছে, আর ও'রা আত্মপ্রসাদ লাভ করছেন।

পরিশেষে আমি আর একটা বন্ধব্য বলে শেষ করব। স্যার, আর একটা গরেতের সমস্যার প্রতি আমি ও'দের দুটি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে বাংলাদেশের সমাজ জীবন আজকে রসাতলে যাচ্ছে। চুরি-ডাকাতি, রাহাজানি, নারী ধর্ষণ এমনভাবে বাংলার সমাজ জীবনকে বিষাক্ত করে তলেছে বিশেষ করে জ্বভেনাইল ডেলিংকোয়েন্সি এই যে কিশোর অপরাধীর সংখ্যা যেভাবে বেড়ে যাচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি আগামী দিনে সমাজ রসাতলে যাবে। স্যার, আজকাল যেসমস্ত সিনেমা দেখান হচ্ছে সেখানে স্কুল কলেজের ছোট ছোট ছেলেমৈয়েরা যাচ্ছে, সিনেমার অশ্শীল পোস্টারে সমস্ত রাস্তাঘাট ছেয়ে আছে। প্রিলশ মন্ত্রী একবার বলেছিলেন যে এ আমাদের কোন আইন নেই। আমরা সরকারের কাছে নিবেদন করছি যে সর্বাকছ, আইন তাঁরা করতে পারেন আর এই ধরনের আইন করতে পারেন না—তাঁরা অর্ডিন্যান্স করে হোক, যেভাবে হোক এ সম্বন্ধে আইন তৈরি কর্ন, কারণ, দেশ রসাতলে যাচ্ছে। স্যার, শিক্ষাজীবন, সমাজ-জীবন, নৈতিক-জীবন ধরুসে যাচ্ছে। জুভেনাইল ডেলিংকোর্মোন্সর জন্য হয়ত ২।১টা বোরস্টাল স্কুল করেছেন বা রেস্কিউ হোমের ব্যবস্থা করেছেন। কিন্তু তার আইন-কানুন মান্ধা<sup>তা</sup> আমালের। সেই আইন না বদলালে ২।১টা বোরস্ট্যাল স্কুল বা রেস্কিউ হোমে কাজ হবে না সমাজ জীবন রসাতলে যাবে। ইউনেস্কো রিপোর্টে দেখা যাচ্ছে, রাশিয়ার কথা বললে মুখামন্ত্রী **দ্রুক্তন** করেন—একমাত্র দেশ **ইউ-এস-এস-আর** যেখানে জ্রভেনাইল ডেলিংকোরেন্সি বিল্কে হয়েছে, আর আর্মেরিকা, ইংলন্ড অন্যান্য সমস্ত দেশে জ্বভেনাইল ডেলিংকোর্য়োন্স দ্রতগতিতে বেডে যাচ্ছে।

তারপর পর্নালশ খাতে বিরাট বায় বেড়েছে। পর্নালশ কিরকম কাজ করছে তা সমাজের অবস্থা দেখেই বোঝা যাচ্ছে। ১৬ তারিখের স্টেটসম্যানের একটা খবরে দেখলাম, এই রকম কত খবর বের্চ্ছে, নারী নিয়ে মদের ব্যবসা চোখের উপর চলছে—

Girl sold and resold, prices Rs. 1,600 (16th March, Statesman),

विक विक रहारक भवत रवितिसारक। भूजिएमत भति रवरक रवरक यारक, अथिह

The Police have no statistics to give a complete picture of immoral traffic in the city.

# The Hon'ble Kali Pada Mookherjee:

এ সংবাদ আমার জানা নেই।

### Shri Santosh Kumar Bhattacharyya:

প্রিশমন্ত্রী জানেন না, এটা খুব মারাত্মক কথা।

A number of Khali Kuthis in Kyd Street, Marquis Street, Collins Street, Ghungur Lane, Metcalfe Street, Bowbazar Street and Ripon Street were raided

এগালি পালিশের পক্ষ থেকে রেডা করা হয়েছিল-

Bowbazar Street and Ripon Street were raided. The police found that some rooms were let out in these Khali Kuthis only at night for immoral purposes. দিনের বেলায় থালি, ওনলি রাত্তি বেলায় এই সমস্ত কাজ হয়। অথচ প্রিশেকে জিজ্ঞাসা করলে তারা বলে

suppression of immoral traffic (in women and girls) Act has remained largely ineffective because of its inherent defect.

পুলিশের খাতে কোটি কোটি টাকা বায় বেড়ে যাছে, বছরের পর বছর শহরের বুকে আমাদের মাতৃগোতির সম্মান ধ্লুণিঠত হছে, ক্রমশঃ অপরাধির সংখ্যা বেড়ে যাছে, সমস্ত দেশ সমাজ রসাতলে যাছে, আর ওরা দেশের অগ্রগতির চিত্র আঙ্কত করছেন। শেষ কথা এই বলি যে এই দুর্ভাগ্যের হাত থেকে দেশকে বাঁচাবার জন্য ওরা যদি তৈরি না হন তাহলে সমস্ত সমাজ জীবন ধ্যুসে যাবে কারণ, সমস্ত দেশ, সমাজ-জীবন কল্পনাতীতভাবে অধঃপতনের পথে এগিয়ে যাছে। এই কথা বলে আমি বাজেটকৈ সম্বর্ধন করতে পার্মছ না।

110-40 to 10-50 a.m.t

#### Shri Sachindra Nath Misra:

মাননীয় পরিষদ পাল মহাশয়, আমাদের সদম্থে আগামী বছরের বাজেট সমালোচনার জন্য এসেছে। আমাদের অন্য পক্ষের বন্ধরা এই বাজেট সন্বন্ধে অনেক কট্ মন্তব্য প্রকাশ করেছেন। কিন্তু আমি দেখছি এই বাজেট জনকল্যাণমূলক বাজেট যদিও এটা ঘাটিত বাজেট। কিন্তু খ্ব আনন্দের কথা এই বাজেটে কোন ন্তন কর ধার্যের কোন উল্লেখ নাই। মানুষ চায় কি? মানুষ চায় শান্তিতে বসবাস করতে হলে যে সব জিনিসের দরকার যেমন কৃষির উর্নাত হ'লে খাদে৷ প্রয়ংসম্পূর্ণতা হয় এবং খাদ্য ও স্বাস্থ্যের জন্য শিক্ষাও আবশাক হয়ে পড়ে। আমাদের সরকার এই কৃষি খাতে যথেষ্ট বরান্ধ করেছেন যাতে করে দেশ খাদে৷ স্বয়ংসম্পূর্ণতা লাভ করতে পারে। এই কারণে সেচের জন্যও স্কুদর ব্যবস্থা করেছেন, সারের ব্যবস্থা করেছেন, উন্নত ধরনের ভাল বাজের সরবরাহের ব্যবস্থাও সরকার করেছেন। সেচের স্ব্রার্থ্যের জন্য ডাপ্ট্ তিউবওয়েল, পাওয়ার টিউবওয়েল, ক্যানাল, দীঘি ও প্রক্রেণী খনন ইত্যাদিরও ব্যবস্থা সরকার করেছেন। আমি চাই সেচের জন্য যে-কোন ব্যবস্থা হোক। মালদহ এবং দিনাজপ্রের প্রুফরিণীর দ্বারা সেচের কাজ ভালভাবে চলছেও না এবং তা চলারও অনেক অন্তরায় আছে। যদি এই প্রুকরিণী দ্বারা সেচের কাজ ভালভাবে চলছেও না এবং তা চলারও অনেক অন্তরায় আছে। যদি এই প্রুকরিণী দ্বারা সেচের কাজ ভালভাবে চলছেও না এবং তা চলারও অনেক অন্তরায় আছে। যদি এই প্রক্রিণী দ্বারা সেচের কাজ ভালভাবে চলছেও না এবং তা চলারও অনেক ব্রব্রে বারস্থা করা হোক্। এই উইন্ডমিলের পক্ষে ও বিপক্ষে বলার আছে, বিশেষ করে বাংলাদেশে বার মাস এমন বাতাস চলেনা যাতে এই উইন্ডমিল চাল্ব থাকতে পারে। আমি

वनाया-रमणे राष्ट्र भिरमद भरकत कथा। अधारन भिरमद काक हमार भारत ना। अधारन हमार क्रमामात्र काळ वीं भूष्कीवर्गी धनन करत जात भरत छे करत स्थारन वींन উইন্ডিমিল হয়, তাহলে আমাদের দেশে বারমাস না হোক যে কয় মাস বাতাস খুব প্রবলভাবে চলে, সেই কয়মাস পুকুর পরিপূর্ণ হয়ে থাকে বিশেষ করে যখন চাষ হয় জলের প্রয়োজন হয়। আমরা দেখেছি ফাল্গনে থেকে বৈশাথ মাসের মধ্যে কোন পাুষ্করিণীতে জল থাকে না: খালবিল সব শ্বিকয়ে যায়। অথচ সেই সময় জলসেচের আবশ্যক হয়ে পড়ে। আর সেই সময় আমাদের দেশে প্রবল বেগে বাতাসও পাওয়া যায়, যাকে আমরা বলে থাকি পশ্চিমা বাতাস। সেই ষে পশ্চিমা বাতাস হয়, সেটার দ্বারা এই উইন্ডমিল চাল, রাখা যেতে পারবে। এবং জল পূর্ণ করে রাখবে; তাতে করে শহরে ও মফঃস্বলে মাছের যে অভাব, তাও দূর করতে পার্বে। একটা কথা আছে পাড়াগা দুধমাছের দেশ। কিন্তু বর্তমানে পাড়াগাঁর অবস্থা এমন হয়েছে যে সেখানে কেবল যে মাছই দ্মলা তা নয়, দ্বপ্রাপ্য। কোন পল্লীগ্রামেই আজকাল আর মাছ পাওয়া যায় না। এই মাছের চারা যদি তৈরি করতে চান, তাহলে পকেরগালিতে যাতে বারমাস জল थारक जात वावम्था कतरा रात । गा अम्रीकिविभाग या तिरामात्र रात्रीहम, जारा मुर्ही प्राह দেখেছিলাম—একটা তেলাপিয়া আর একটা হচ্ছে সেক্রোনয়ন কাপিও। এই তেলাপিয়া মাছ বছরে চারবার ডিম পাড়ে ও বাচ্চা দেয়। আর সেক্রোনিয়ন কাপিও আমাদের দেশের কাংলা জাতীয় মাছ বন্ধ জলাশয়ে ডিম পাডে ও বাচা দেয়। অন্যান্যবার আমার মাননীয় বন্ধ, ডাঃ চার:-চন্দ্র সাম্ন্যাল এই দুটো মাছ সম্বন্ধে কিছু বক্ততা করেন। এবার তাঁকে এবিষয়ে কিছু বলতে না দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি। আমি স্যার, জানতে চাই এই মাছের কতদরে কি হলো?

আমি সরকারের কাছে জানতে চাই—এই মাছগালির কতদরে কি হলো? এবং এই মাছগালি আমাদের দেশে এখন পর্যন্ত প্রচুরভাবে চাষবাস করবার কোন ব্যবস্থা হ'ল না কেন?

এখন আমি জমি বন্টন সম্বন্ধে কিছু বলতে চাই। জমিহীন ব্যক্তিদিগকে যদি অতিরিক্ত জমি বন্টন করা না হয়, আটকে রাখা হয়, তাহলে কখনো অধিক ফসল ফলান যাবে না। কৃষকদের প্রে জমি দিতে হবে এবং উত্তর্রাধিকারস্ত্রে আমাদের কৃষকরা এমনভাবে খণ্ড খণ্ড জমির মালিক হয়েছে যে তার ফলে জমির উৎকর্য-সাধন সম্ভব হয়ে ওঠে না। আমি এই ক্ষেতে বলবো —অন্তত ঐ কৃষ্ণকশ্রেণীর দ্-হালের জমি যেন থাকে। এক এক হালে ২০।২৫ বিঘা করে দ্-হালের জমি যদি কৃষকদের থাকে, তাহলে তাদের প্রারিশ্রমিক ও অর্থ বিনিয়োগ সার্থক হবে। এবং জমিরও উৎকর্যসাধন হবে। প্রথমে ফলন বৃদ্ধি হবে।

আমি আম সম্বন্ধে বলছি। আমি মালদহের লোক এবার আম তো প্রচুর হবার সম্ভাবনা হয়েছে। কিন্তু যে পরিমাণ আম, তা প্রচুর পরিমাণে অপচয় হয়। আম যখন পরিপক্তা লাভ করে আসে, সেই সময় যদি ঝড় হয়, তখন আম ঝড়ে পড়ে যায়, সেই আম দ্বারা কোন কাজ হয় না। এমন কি গর্, ছাগল, ভেড়া তারাও খেয়ে শেষ করতে পারে না। আমরা কিছ্ আম চিনি সভু ইত্যাদি করি। আমসত্ত্ব করা সত্ত্বেও অপচয় খুব বেশী হয়। এই অপচয় নিবারণকর্পে আমি নিবেদন করবো সরকারের কাছে—যদি আমকে কুটীরিশিল্প হিসেবে সংরক্ষণের চেণ্টা করা যায়, তাহলে এই অপচয় নিবারণ হবে এবং মালদহের অর্থনৈতিক উন্নতি হবে। আমরা মালদহের লোক ও আমের স্বাদ পাব এবং লোকেরও উন্নতি হবে ও তাদের কর্মশিস্ত বৃদ্ধি পাবে। যদি মধ্যবিত্ত লোকেদের এই কুটীরিশিল্প প্রেরণা দেওয়া যায়, তাহলে বেকার সমস্যার সমাধানও খানিকটা হতে পারে।

মধ্যস্বত্ব ভোগীদের ক্ষতিপ্রেণ বাবদ কিছ্ব কিছ্ব টাকা এয়াড ইন্টারিম হিসেবে দেওয়া হচ্ছে। আমি বলি সেইভাবে টাকা দিয়ে আমাদের মূলধন নিঃশেষ করা হচ্ছে। যদি একষোগে কিছ্ব টাকা দেওয়া হয় এবং সমবায় প্রথায় ও কুটীরিশিল্প হিসেবে ছোট ছোট শিল্পীদের নিয়োজিত করা যায় তাহলে তারা যে অদ্র ভবিষ্যতে দ্বংস্থ হতে চলেছে, তা থেকে রেহাই পাবে এবং বেকার সমসারেও সমাধান হবে। বিশেষ করে আম সংরক্ষণ সমবায় নীতিতে বা ব্যক্তিগতভাবে কুটীরিশিল্প হিসেবে গ্রহণ করার ব্যবস্থা করতে হবে।

[10-50-11 a.m.]

মালদহে সমবায় প্রথায় আম রক্ষণ একটা সরকার করেছিলেন কিন্তু একটায় কিছু হবে না। আরো এইরকম সমবায় হওয়া দরকার। এই সপে এও বলা উচিত, আমার এখানে অনেক বন্ধবর বলেছেন রেমী চাষের কথা—রেমী চাষ হওয়া সন্তব ও অসুন্তব এ সন্বদেধ বলেছেন। কিন্তু আমি বলছি কুচবিহার, জলপাইগ্রিড, মালদহে রেমী চাষের অনেক স্বোগস্বিধা আছে। এই মালদহের আমবাগানে প্রত্যেক ৮০ হাত তফাং তফাং গাছ থাকে। এই সমন্ত জায়গায় যদি রেমী চাষ করা যায় তাহলে রেমী ফসল পাওয়া যাবে এবং আম গাছের জন্যও এর পাতা পচে যে সার হবে সেই সার ন্বারা গাছের উর্মাত হবে। জলপাইগ্রিড্রে রেমী দিপনিং সেন্টার করবার চেন্টা হয়েছে এবং মালদহের কথা আমি বলছি রেমী চাষের চেন্টা হোক্। এটা ইন্টার কালটিভেশান হিসাবে যাতে চলতে পারে সে চেন্টা করা দরকার। সয়েল টেন্টিং বলে একটা কথা আমাদের বাজেটে আছে। মালদহ, দিনাজপ্রের জমির সরেল টেন্টিং হওয়া আবশ্যক। এর সন্থো এও বলা প্রয়োজন মনে করি, আমাদের বাজেটে আছে সিন্ক। সমল স্কেল ইন্ডান্ট্রের মধ্যে মালদহ শিল্প বিদ্যাপীঠ থেকে ১৪২ জন কাজ শিখছে। এটা সরকারের অধিনে এসেছে—এটা আনন্দের কথা, কিন্তু এই মেয়েগ্রিল যাতে কার্য পায়, অর্থ উপার্জন করবার স্বোগ-স্ক্রিধা পায় সেনিকে দ্র্নিট দেওয়া উচিত।

Training-cum-production centre in Silk.

থেকে ৬২ জন শিক্ষাপ্রাণ্ড হয়েছে। ওরা শিক্ষা পেয়েছে, তারা নিজেরা অর্থ উপার্জন করবার শক্তি পেয়েছে তারা যাতে অর্থ উপার্জন করতে পারে সেটা দেখা দরকার।

(Red light)

পরিষদপাল মহাশয়, আপনি যখন শেষ করতে বলছেন তখন আমি আর বেশি কিছ্ব বলবো না, যদিও আমার অনেক কথা বলবার ছিল। তব্ও একটা কথা আমি বলতে চাই, আমাদের উত্তরবংগ একটা স্কুল ফর দি রাইন্ড হওয়া দরকার। কেন না মালদহে দেখেছি অনেক রাইন্ড আছে, সেখানে যদি একটা রাইন্ড স্কুল হয় তাহলে এর দ্বারা মালদহবাসী উপকৃত হবে এবং তাদেরও উপকার হবে। আমি আর কিছ্ব বলছি না, শুধ্ব একটি কথা বলে শেষ করবো। আজকে বন্ধ্রা মন্ত্রী সম্প্রসারণের বির্দেধ অনেক মন্তব্য করেছেন। (শ্রীনরেন দাসঃ আজ রেডিওতে পন্ডিত নেহের্ কি বলেছেন শ্রেছেন।) কিন্তু আমরা দেখছি, তাঁরাও দেখেছেন যে বিফোর পার্টিশান লীগে এত মন্ত্রীর প্রয়োজন হয়নি। তা কেন, আরো পিছিয়ে গেলে দেখবেন রিটিশ আমলে আরো কম ছিল। এবং তখন একজন দারোগা, একজন কনেস্টবল ও একজন চোকিদার সম্মত কাজ পরিচালনা করতো। আমি ব্রুতে পারিনা আমাদের বন্ধ্রা সেযুগে ফিরে যাবার কোন ইঙ্গিত করছেন কিনা। যদি দেশের কাজ করতে চান তাহলে দেশের কাজ করার জন্য লোকের প্রয়োজন, নানারকম সমস্যা সমাধান করবার জন্য সম্প্রসারণ আবশ্যক। আমি বলি সম্প্রসারণ সম্বন্ধে এত গারদাহ না করে কাজ কি হছে সেদিকে দৃণ্টি রাখাে প্রয়োজন। সেনিকে দৃণ্টি রাখলে দেশের মণ্ডল হবে।

# Shri Nirmalya Bagchi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাজেট আলোচনা প্রসংগ্য প্রথমে পশ্চিমবংগের কলেজের অধ্যাপকদের বেতন সম্পর্কে আলোচনা করতে চাই। ১৯৫৭ সালে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন পশ্চিমবংগ কলেজের অধ্যাপকদের বেতনের একটা সংশোধনী হার প্রবর্তন করেন। এবং ইউনিভার্রসিটি গ্রান্টস্কিমশন বখন এই বেতনের হার প্রচলন করেন, তখন পশ্চিমবংগের কলেজগর্লি সম্পর্কে কতকগর্লি সর্ত চাপিয়ে দেন। এখন ইউনিভার্রসিটি গ্রান্ট কমিশন জানিয়ে দেন যে রীতি অন্নারে তাদের বৈছর পর এই গ্রান্ট দেবার আর কোন অধিকার নেই। স্তরাং পশ্চিমবংগার কলেজের অধ্যাপক সমাজ আজ এই আশব্দার মধ্যে পড়েছেন, তাদের বেতনের হার সম্পর্কে এক গভীর অনিশ্চয়তা দেখা দিয়েছে। এই বিষয়টি যখন মাননীয় মুখ্যমন্ত্রীর দ্ণিট আকর্ষণ করা হয় তখন তিনি গত সেপ্টেম্বর মানে এই বস্তব্য বলেছিলেন যে পড়িচমবংগ সরকার

anxious to protect the existing pay scales

<sup>এবং</sup> ৬ মাস পরে ফেব্রুয়ারী ৬২ সালে তিনি প্নরায় বলেছেন endeavour to protect the existing pay scales আমাদের জিজ্ঞাস্য হচ্ছে বর্তমান বাজেট পেশ করা হয়েছে এই endeavour to protect the existing pay scales

এর থেকে বেশি কোন সুনিদিশ্টি প্রতিশ্রুতি পশ্চিমবংগ সরকার দেবেন কি না : আরও জিজ্ঞাসা পশ্চিমবুল্য কলেজে বেতনের হার সংসোধিত করা হবে কি না? দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ততীয় পরিকল্পনা শ্রুর, হতে যাচ্ছে, প্রাথমিক শিক্ষক মাধ্যমিক শিক্ষকদের বেতনের যা হউক কিছ সংশোধন ঘটেছে কি.ত পশ্চিমবশ্যের কলেজগুলিতে বর্তমান হার বজায় রাখাই কঠিন হয়ে পড়েছে। এই দুর্মাল্যের বাজার চলেছে সেখানে বাড়িভাড়া ও নিতা প্রয়োজনীয় দ্রব্যের মূল্য উধর্বমুখী সেখানে পরোতন হারে চলে না। ২০০ থেকে ৩০০ টাকাই অধিকাংশ কলেজের শিক্ষকরা বেতন পেয়ে থাকেন। ইউনিভার্রসিটি গ্রান্ট কমিশন পার্লামেন্টের নিকট যে তৃতীয় রিপোর্ট পেশ কর্বোছলেন তাতে তারা এটাই অনুমোদন করেন যে কলেজ শিক্ষকদের বেতন কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের প্রথম শ্রেণীর কর্মচারীদের বেতনের অন্তরূপ হওয়া দরকার। আজ এই প্রশ্নটাই মুখ্যমন্ত্রীর দূগ্টি আকর্ষণ করতে চাই। এখানে আমরা দেখতে পারছি নন গভর্নমেন্ট কলেজে শিক্ষকদের বেতনের হারের উন্নতির জন্য ৬১-৬২ বাজেটে ধরা হয়েছিল ৬ লক্ষ ১২ হাজার টাকা। ব্রিভাইজড বাজেটে আমরা দেখছি ৬১-৬২ সালে আপনারা সব টাকা ব্যয় করতে পারলেন না এবং খরচ করলেন মাত্র ২ লক্ষ্ণ টাকা। এবং ৬২-৬৩ সালের বাজেটে ২ লক্ষ্ণ ২৫ হাজার টাকা ধরা হয়েছে। আমি জিজ্ঞাসা করতে চাই কেনই বা তারা ৬ লক্ষ ১২ হাজার টাকা বরাদ্দ করেছিলেন এবং কেনই বা সেটা বায় করতে পারলেন না—মাত্র দুইে লক্ষ টাকা বায় করতে পেরেছেন। আর এই বাজেটে পশ্চিমবঙ্গ কলেজের অধ্যাপকদের সম্পর্কে কোন আশার আলোক আছে কীনা আশা করি মান্ত্রীমহাশ্য় তিনি তার বস্তব্যের মধ্যে বলবেন। দিবতীয় কথা হচ্ছে আজকে একটা বড় প্রদ হচ্চে প্রশিচমবংগ কলেজের শিক্ষকদের ব্যক্তিস্বাধীনতা ও রাজনৈতিক মতামতের অধিকার। পর্যালশ ভেরিফিকেশান-এর ব্যাপার নিয়ে সারা বাংলাদেশ আজ প্রচণ্ড আন্দোলন চলেছে এবং মুখামন্ত্রী গত সেপ্টেম্বরে আশ্বাস দিয়েছিলেন এবং ফেব্রুয়ার্নী মাসেও খাশ্বাস দিয়েছিলেন যে গভর্নমেন্ট-এডেড কলেজ-এ শিক্ষকদের ক্যারেকটার এন্ড এনটিসিডেন্ট জনবার জন্য আর প্রালিশের সাহায্য গ্রহণ করবেন না। অতি উত্তম কথা। কিন্তু সবচেয়ে বেশি পর্লিশ ভেরিফিকেশান চলছে সরকারী স্পন্সর্ভ কলেভেব শিক্ষকদের উপর, তাঁদের মধ্যে কোন রাজনীতির গণ্ধ পেলে তাদের বিদায় দেওয়া হচ্ছে। এখানে পালিশ ভেরিফিকেশান আগেও চলেছে এখনও চলছে। আমি জানতে চুই এইস্ব স্ক্রারী স্পন্সভ কলেজের শিক্ষকেরা মুক্রীর এই আশ্বাস বাণীর আওতার মধ্যে পড়বে কি-না। এবং পর্লেশের সাহায্যে তাদের ক্যারেকটার অ্যান্ড এ্যান্টিসিডেন্ট্স জানবেন না বলছেন কিন্ত তাহলে কি অনা কোন উপায় অবলম্বন করবেন, কলেজ কর্তপক্ষের দ্বারা কিম্বা জেলা কংগ্রেস কমিটি মারফং শিক্ষকদের রাজনৈতিক মতামূত সম্বন্ধে খবর জানবার চেণ্টা করবেন কি-না সেটাই জিজ্ঞাসা করতে চাই। কলকাতা শহরে আমরা সবসময় লক্ষ্য করি যেসময় জ্বলাই, অগাস্ট মাসে কলেজ সেসন শ্বরু হয় তথন ছাত্রভার্তার একটা রাশ দেখা যায়। এই রাশ নিবারণ করবার জন্য আমরা দেখতে পাচ্ছি এর কতকগ্রিল কলেজ স্থাপন করবেন বলে সঙ্কল্প গ্রহণ করেছেন মফঃস্বল থেকে যাতে ছাত্রদের না আসতে হয়।

# [11 to 11-10 a.m.]

বাংলাদেশের মফঃশ্বলে কমার্স শেখবার কোনরকম ব্যবস্থা নেই। বাংলাদেশে যেসমস্ত স্পনসর্ত কলেজগর্বলি আছে সেখানে স্পনসর্ভ স্কীমের মধ্যে কমার্স শিক্ষার কোন ব্যবস্থা এখনও করা হর্যান। ২।৩টা কলেজে যেট্কুন ব্যবস্থা হয়েছে তা ঐ স্পনসর্ভ স্কীমের বাহিরে এবং সম্পূর্ণভবে বেসরকারী ব্যবস্থায় তা চলছে। এই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে প্রাচীন কলেজ কৃষ্ণনাথ কলেজের যার শতবর্ষ পূর্ণ হয়ে গেল সেখানে আজও বাংলা অনার্স খোলা হল না কেন? আর একটা দৃঃখের বিষয় হচ্ছে যে যখন আইনসভার অধিবেশন চলছে সেইসময় আমরা দেখতে পাচ্ছি প্রব্লিয়া পালটেকনিকের একটা অচল অবস্থার স্টি হচ্ছে। সেখানে ছাত্রা কলেজ থেকে, হোস্টেল থেকে বিতাড়িত হয়ে ধর্মশালায় আশ্রয় গ্রহণ করেছে এবং তাদের প্রতি সহান্ত্রিত জানিয়ে বাংলাদেশের বিভিন্ন কলেজের ছাত্র্যা আজ ধর্মঘট করছেন। আশা করি যে

ম<sub>্</sub>খ্যমন্ত্রী মহাশয় এবিষয়ে অন্সন্ধান করে এই অধিবেশন চলাকালীন তার একটা সমাধান করেবেন।

১৯৬১ সাল থেকে প্রাথমিক শিক্ষকদের একটা নতেন মাহিনার হার ধার্য করা হয়েছে। প্রাথমিক শিক্ষকদের দীর্ঘাদন ধরে আন্দোলনের ফলে মুখামন্ত্রী মহাশয় যে নর্ববিধান ঘোষণা করেছেন তাতে সেখানে দেখতে পাচ্ছি যে "গ" এবং "খ" শ্রেণীর শিক্ষকদের—যাঁরা ৮২ হাজার মোট প্রার্থামক শিক্ষকদের মধ্যে শতকরা ৭০ জন তাঁদের বেতনের হার যথাক্রমে ৬৫ টাকা থেকে শুরু করে 40 টাকা এবং ৭৫ টাকা থেকে শুরু করে ৮০ টাকা। পশ্চিমবার প্রাথমিক শিক্ষক সমিতি বারবার দাবী করে এসেছেন যে তাদের নানেতম বেতন ১০০ টকা এবং শহরে যাঁরা কাজ করেন তাঁদের ভাতা ২৫ টাকা হওয়া দরকার। অতএব দেখা যাচ্চে "গ" শ্রেণীর শিক্ষককে জীবন শেষ করতে হাক্ত ৭০ টাকায় এবং "খ" শ্রেণীর শিক্ষককে ৮০ টাকায়। অর্থাৎ সারা জীবনে তাঁরা ১০০ টাকার হার দেখতে পাবেন না। আবার যাঁরা "ক" শ্রেণীর শিক্ষক তাদের ১৫ বছর লাগবে ১০০ টাকার ন্থি দর্শন করতে এবং বেসিক ট্রেনিংপ্রাণ্ড যাঁরা তাদের ১০ বছর লাগবে ১০০ টাকায় পেশছাতে। কেন্দ্রীয় সরকারের ক্রাস ফোর এম্প্লীয় বলে যারা পরিচিত তাদের মাহিনা যেখানে ৮০ টাকা থেকে শরে: সেখানে দেখতে পাচিত "গ" এবং "খ" শ্রেণীর প্রাথমিক শিক্ষকদের জীবন শেষ হচ্ছে ৭০ ও ৮০ টাকায়। এবারের বাজেটে প্রাথমিক শিক্ষকদের বেতনের হারের উল্লয়**নের কথা বলা হয়েছে** কিন্তু সেখানে একটা গ্রেত্র অসামঞ্জস্য আমার চোখে পড়ছে। ১৯৬১-৬২ **সালের বাজেট** এফিনেটে ধরা হচ্ছে ৬০ লক্ষ ১৬ হাজার টাকা, রিভাইজড এফি<mark>নেটে মাহিনা বৃদ্ধির দর্ণ ধরা</mark> হক্তে ১ কোটি ১৮ হাজাব টাকা , আবার ১৯৬২-৬৩ সালে বাজেট এ**স্টিমেটে দেখতে পেয়েছি সেটা** নেমে দাঁডাল ৬৬ লক্ষ টাকা। তাহলে কি প্রাথমিক শিক্ষকদের বেতন সম্পর্কে আবার একটা নতেন অনিশ্চিষ্তা দেখা দেৱে? মুখামন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিশ্রুতি বান করে।ছিলেন, কিন্তু তিন বংসরের মধ্যে সেস্ব পালিত হয়নি। এবিষয়ে তাঁর সদিজ্য থাকতে পাবে, কিন্তু শিক্ষাবিভাগে যেসমগত অপ্দেবতারা আছেন তাঁরা **মুখামন্ত্রীর** এইসমুহত প্রতিশ্রতির কোন মালা দেন না। তিনি প্রতিশ্রতি দিয়েছিলেন যে পশ্চিমবংগর প্রাথমিক শিক্ষকদের গ্র্যাচাইটি দেওয়া হবে, কিন্ত ৩ বছর হয়ে গেল এই ৩ বছরের মধ্যে বাংলাদেশের ১৫টা জেলার ১৫ জন শিক্ষক কি এই গ্রাছাইটি পেয়েছেন? গতবার বিধানসভায় ২১শে মার্চ, ঠিক এক বছর আলে তিনি প্রতিশ্রতি দিয়েছিলেন যে প্রাথমিক শিক্ষকদের বেতন পেতে বিলম্ব ঘটে বলে তাঁদের এক মাসের মাহিনা মঞ্জিম দেওয়া হার িবন্ত এক বছর কেটে গেছে শিক্ষাবিভাগ কি কোন বাবস্থা অবলম্বন কবেছেন ?

মুখ্যমন্ত্রী মহাশয় পশ্চিমবংগ প্রথমিক শিক্ষক স্মিতির বাতে, পাহাড় এলেকায়, বন এলেকায়, চা বাগানে যেসমসত শিক্ষক আছেন তাদের প্রতি দয়া পরবশ হয়ে ১৯৬১ সালের ৬ই অস্ট্রোবর এই প্রতিশ্রতি দিয়েছিলেন যে তাদের অতি রিড ভাতা দেওরা হার। সেই প্রতিশ্রতি গংগার জলে ধ্রুয়ে গেছে দেপশাল কাজের আট এ বি এ পাশ শিক্ষকদের সদবন্ধে বলা হয়েছিল যাদের বেশি কায়ালিফিকেশান তাদের জানিয়ার হাই ও সেকেন্ডারী সক্লএ নিয়ে যাবেন কিন্তু তাদের কিভাবে নেবেন, কে তাদের মাহিনা দেবেন কোন সিদ্ধানত আজ পর্যবত্ত শিক্ষাদেশতর করতে পারেন নি। শিক্ষাদেশী মহাশ্র বলেছেন বাংলাদেশে—

compulsory and free Primary Education

প্রবর্তন করেছেন। মুখ্যমন্ত্রী মহাশয় ও শিক্ষামন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করবো কম্পালসরি কথার অর্থ কি তাঁরা ব্যোকেন! নিশ্চরই একটা অর্থ তাদের মনের মধ্যে আছে। একবার যদি বঙ্তা প্রসঙ্গে দয় করে বলেন ভাল হয়। সেদিন মাননীয় শিক্ষামন্ত্রীর বস্তৃতা আমি মনোনিবেশ সংকারে শুনছিলাম তাতে একটা অভিনব যুক্তি দেখলাম—পশ্চিমবংগ সরকার শতকরা ১০০ ভাগ বাধাতামূলক করার দিকে এগিয়ে যেতে পারেন কিম্কু স্ব্যানিং কমিশন টারগেট করে দিয়েছেন শতকরা ৮০ ভাগ অতএব এরা শতকরা ৮০ ভাগের বেশি এগতে পারেন না। তাহলে কেরালা কি করে, সেখানে ৬ থেকে ১১ বছর যাদের বয়স, শতকরা ১০০ জন ছেলেমেয়ে ইতিমধ্যে প্রাথমিক বিদ্যালয়ে পড়ছে, তাদের নাম কি কেটে দেওয়া হব? আজ যারা শতকরা ৮০ ছাড়িয়ে যাবার উপক্রম

করছে বা শতকরা ৮০ পেরিয়ে গেলো তারা কি এক জায়গায় দাঁড়িয়ে লেফ্ট রাটই মার্ক টাইন করবে? প্রার্থামক শিক্ষার সংখ্যাতত্ত্ব সম্বন্ধে শিক্ষামন্ত্রী মহাশয় বলেন আমরা নাকি অঙক জানিনা। মন্ত্রীমহাশয় গর্ব করে বলে থাকেন বাংলাদেশে ২৮ হাজার প্রার্থামক বিদ্যালয় হয়েছে। মন্ত্রীমহাশয়ের অভ্যাস বারে বারে পেছন ফিরে একবার করে তাকিয়ে দেখা ১৯৪৭ সালের দিকে; কিন্তু আমাদের দ্র্গিট সম্মুখের দিকে লক্ষ্যে পেশছতে কত দেরী আমরা তাই ভাবি এবং কতক্ষণে পাহাড়ের চ্ড়ায় উঠব তার জন্য আমাদের চিন্তা ও বাস্ততা। তারা বলেন ২৮ হাজারের কিছ্ব বেশি প্রার্থামক বিদ্যালয় হয়েছে। পশ্চিমবাংলার এই স্ট্যাটিসটিক্যাল হ্যান্ডব্বক ষেটা মুখ্যমন্ত্রী মহাশয়ের অতি প্রিয় তাতে দেখবেন পশ্চিমবাংলার এই স্ট্যাটিসটিক্যাল হ্যান্ডব্বক ষেটা মুখ্যমন্ত্রী মহাশয়েকে জিজ্ঞাসা করতে চাই পশ্চিমবাংলায় বিদ্যালয়হীন গ্রাম কতগ্রনি আছে এবং এই সমন্ত গ্রামে বিদ্যালয় স্থাপন করার জন্য কোন ফেইজড প্রোগ্রাম হয়েছে কি-না। একথা জানি যে পশ্চিমবাংলা সরকারের মন্ত্রীসভা ১৯৬১ সালে ১৫ই নভেন্বর সিন্ধান্ত নিয়েছেন ৮.৯৮৪টি গ্রামে

compulsory free Primary Education

প্রবর্তন করতে হবে, তাঁরা আরও বলেছেন—৫,৭৪০টি গ্রাম কম্পালসরি প্রাইমারি এডুকেশন আগে থেকে চলে আসছে। এখানে কংগ্রেস সদস্যরা বসে আছেন তাঁরাতো অনেকেই প্রামাণ্ডল থেকে এসেছেন, আমি জিল্পাসা করি কোনদিন কি এই ৫,৭৪০টি গ্রামের একটিরও সাথে আপনাদের পরিচয় ঘটেছে! তাঁরা বলেছেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮,৯৮৪টি গ্রামকে কম্পালসারি এলাকার মধ্যে আনতে হবে এবং এটা গেজেট-এও বেরিয়ে গেছে কিন্তু গেজেটে বার করলেই তো আর কম্পালসার প্রাইমারি এডুকেশন হয় না তা যদি হত তাহলে এই যে ক্ল্যান ১৯৫১ সালে গ্রহণ করেছিলেন

A ten-year plan for free and compulsory primary education for rural West Bengal, April 1951.

সেই 'ল্যান এর কি সার্থ'কতা হয়েছে? এই যে বিবর্ণ মিলন, ধ্সর বইখানির দিকে তাকিয়ে শিক্ষামন্টা কি কখনো লজ্জা ও দৃঃখ অন্ভব করেন? এই 'ল্যানখানি চৈত্র দিনের ঝড়াপাতার মত শিক্ষামন্টা মহাশয়ের ওয়েস্ট পেপার বাসকেটএ স্থান লাভ করেছে। যদি বাংলাদেশে সতাসত্যই কম্পালসরি প্রাইমারি এড়কেশন প্রচলন করতে হয় তাহলে যা প্রয়োজন তা হল কয়েকটি কাজ করতে হবে—প্রথম, শিক্ষকদের মধ্যে প্রেরণা স্টি করতে হবে তাঁদের আহন্বান জানাতে হবে। আজকে ৬৫।৭৫ টাকা মাইনে দিয়ে শিক্ষকদের মধ্যে কোন প্রেরণার স্টিট সম্ভব হয় না। তারপর গ্রাম থেকে ছেলে সংগ্রহ করতে হবে: এবং জনসাধাবণের সহযোগিতা নিতে হবে। যে অবর পরিদর্শক নিয়ন্ত করেছেন তাঁরা শহরে সাট্ট-টাই পবে বসে থাকলে কাজ হবে না। আজকে প্রয়োজন এমন অবস্থার স্টিট করা যাতে ছেলেমেয়েরা আকর্ষণ অন্ভব করে ফুলে আসবার জন্য। তাদের টিফিনের বাবস্থা ক্বতে হবে, বিনাম্ল্যু বই-শেলট দিতে হবে এবং জামা-পেন্টের ব্যবস্থা করতে হবে। তার উপর যেটা প্রয়োজন—একটা ভাল আইন তৈরি করতে হবে।

[11-10-11-20 a.m.]

শিক্ষামন্ত্রীমশায় বলেন বেওগল র্রাল প্রাইমারী এডুকেশন এ্যাক্টের ৫৬ ধারা অন্সারে কম্পালসরি প্রাইমারী এডুকেশন চলছে। কিন্তু ৫৬ ধারা বা ৬০ (ক) ধারায় হবে না, যদি একটি ভাল আইন শ্ল্যানিং কমিশন যে নির্দেশ দিয়েছেন সেই দৃঘ্টিভাগিতে যদি রচনা করতে পারেন তা'হলে হবে, দিল্লী প্রাইমারী এডুকেশন এাাক্ট, ১৯৬০ তাকে আদর্শ করে যদি রচনা করতে পারেন তাহলে বাংলাদেশে কম্পালসরি প্রাইমারী এডুকেশন সম্ভবপর হবে। আমাদের শিক্ষামন্ত্রী হয়ত বলবেন যে, প্রাথমিক শিক্ষার যথেগ্ট অগ্রগতি আমাদের দেশে হয়েছে। নিশ্চয়ই হয়েছে, কেননা সমাজ কখনও এক জায়গায় দাঁড়িয়ে থাকে না। কিন্তু মুখ্যমন্ত্রীর কাছে তাঁর কর্মচারীরা যে সংখ্যাতত্ত্ব উপস্থিত করেন সেটাই তিনি গভারভাবে বিশ্বাস করেন: অথচ একবার তলিয়ে দেখেন না যে কি-করে কোথা থেকে সেই অব্দ স্টিট হছে। ১৯৫৭।৫৮ সালে পশ্চিমবংগ ৬ থেকে ১১ বছরের ছাত্রদের সংখ্যা ছিল ৭৮-২; ১৯৫৬।৫৭ সালে সেন্দ্রীল এ্যাডভাইসরি বোর্ড অব্ এডুকেশন-এর সভায় ডাঃ শ্রীমালী বলেছিলেন যে, পশ্চিমবংগ ৮৫-৩ হয়েছে। তারপর, পশ্চিমবংগর ড্রাফ্ট থার্ড ফাইভ-ইয়ার শ্ল্যান বইতে দেখতে পাচ্ছি তাঁরা একথা স্বীকার করেছেন যে, ১৯৬০।৬১ সালে ৬ থেকে ১১ বছরের পঠনরত ছাত্রসংখ্যা দাঁড়াবে

,২·১৭। শ্বে তাই নয় ১৯৫৭-৫৯ সালে সারা ভারতে যে অল ইন্ডিয়া এডুকেসনাল সার্ভে ্য্রেছিল তাতে দেখা যাচ্ছে

West Bengal is conspicious by absence.

মাশা করি শিক্ষামন্ত্রী মহাশয় এর উত্তর আমাদের কাছে দেৱেন।

তারপর, নিবেদন করব যে, বাংলাদেশে কয়টা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে তা' দিয়ে শিক্ষার য়য়্রগতির বিচার হবে না। কেননা তাহলে পশ্ডিত নেহের্র জন্মভূমি উত্তরপ্রদেশ পেত সবচেয়ে ড় স্থান। শিক্ষার কি পরিমাণ অয়্রগতি হয়েছে তার শেষ বিচার হবে প্রাথমিক শিক্ষার কি পরিমাণ রারক্ষরতা দ্র হয়েছে তার উপর। এ ব্যাপারে করালা ভারতবর্ষের মধ্যে অয়্রগণ্য। স্ত্রাং শিক্ষামন্ত্রী মহাশয়কে বলবো যে প্রাথমিক শিক্ষার মুসার যদি চান তাহলে ন্তনভাবে চিল্টা কর্ন এবং বেসিক এডুকেসনের কথা পরিত্যাগ কর্ন। মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রাথমিক শিক্ষক সম্মেলনে আপনি বেসিক এডুকেসনের সমালোচনা ফরেছিলেন; বিহারের রাজ্যপাল ডাঃ জাকির হোসেন যিনি এ ব্যাপারে গান্ধীজীর দক্ষিণহৃত্ত ছলেন তিনি বর্তমানে যা চলছে সেই বেসিক এডুকেসনকে বলেছেন

by and large a fraud

ঘাদের হাতে বেসিক শিক্ষার ভার আছে, তাদের বেসিক শিক্ষায় কোন বিশ্বাস নাই। কেরালা দরকার বেসিক এড়ুকেসনকে বর্জন করেছেন; মহীশ্রের এস্টিমেট কমিটি বসেছিল, তাঁরা বলেছেন "দ্টপ ইট" এবং সর্বশেষে দিল্লী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ সি ডি দেশম্খ বিশেষ জাের দিয়ে বলেছেন

"Discard basic education even as a label".

### Shri Syed Shanedullah:

মাননীয় অধাক্ষ মহাশয়, এই বাজেট সন্বৰ্ণে বলতে উঠে আমি আজকে মুখামন্ত্ৰীমহাশয়ের একটা উদ্ভি থেকে শ্রে করব। এই উদ্ভিতে তিনি তাঁর অভাষত শব্দগ্লি এক জায়ণায় সমাবেশ করেছেন বলে আমার দিক থেকে স্ত্রিধা হবে। তিনি বলেছেন

We have undertaken a massive experiment in what has come to be called a "mixed economy" and in our view this type of planned economic development in a democratic context.....

ইত্যাদি। প্রথমে আমি তাঁর এই মিক্সড ইকোন্মি এবং স্ল্যান ডেভলপ্রেণ্ট সম্বন্ধে কিছু বলে তারপর সাধারণ কথা এবং অন্য কথা যা যা আছে সেগ্রাল বলব, প্রথম কথা হোল যে, এই মিক্সড ইকোনমি বলতে তিনি যা বোঝেন এবং মনে করেন সেটা আমাদের কাছে একটা উদ্বেশের বিষয় হয়ে দাঁডিয়েছে। এখানে প্রাইভেট সেকটারকে অপারচুনিটি দেওয়া হচ্ছে এবং এই সরকা**র** সমাজতলের প্রতিষ্ঠা করতে পারেন নি। তাঁরা যে উদ্ভি করেন, প্রচার করেন সেইসব তাঁরা করতে পারেন না। কারণ তাঁদের যে পরিকল্পনা নেই এটা বাস্তব সত্য। কিন্ত মিক্সড ইকর্নাম আমরা যেটা দেখি, সেটা আমাদের চিরকালের অভ্যাস, তাতে আতংক আরও বেশি দিনের পর দিন বেডে যাচ্ছে ছাড়া কমছে না। মিক্সড ইকর্নমিটা বিশ্লেষণ করলে দেখা যাবে প্রত্যেকটি জায়গাতে চটকল, क्य़लार्थान, **ठा-वागान हे**णापिश्वालिए विरामभी मालिएक पल अन्यायम करतरह। भव धराप्त একটা বিখ্যাত উপন্যাসে ছিল—নায়ক বলছে যে সাপের ভয় থেতে হবেনা, ঐ বিলাত থেকে আসবে। আমি অবশ্য সে জীব নই যে দেশী সাপে আতৎক হয় না, দেশী সাপ যা জড় হয়েছে তাতে আতৎক হয়। চিরকালের বিলাতী সাপের যে আতৎক সেই আতৎেকর বাবস্থা মুখামন্ত্রী আরও বৃদ্ধি করেছেন। ভারতবর্ষে এদের লালন-পালন চলছে তাতে আমাদের দুঃখ ছিল। কিন্তু এখন বাংলাদেশে তাদের দুধে দিয়ে পোষার ব্যবস্থা হচ্ছে এবং নতুন করে মেটোপলিটন বোর্ড ইত্যাদির নাম করে বিদেশীদের অনুপ্রবেশের ব্যবস্থা করা হচ্ছে, তাতে আমাদের সেই পরোনো আতৎক আরও বেশি হয়ে যাচ্ছে। দ্বিতীয়তঃ, তিনি ॰ল্যান্ড ডেভেলপমেন্টের কথা বলেছেন। এই প্ল্যানড ডেভেলপমেন্টের অর্থ হচ্ছে এমন একটা ক্যায়স এবং বিশৃ, খলা যা বোধ হয় আর কখনও ভারতবর্ষে ছিল না, বাংলাদেশেও থাকেনি এবং যার অগ্রগতি রুমশঃ বেড়ে যাচ্ছে। চাষীর জিনিসের দাম কি থাকবে, কি হবে তার কোন নিশ্চয়তা নেই। চাষীরা আশা ভরসা নিয়ে

যখন আলা লাগাবে তখন খোলের দাম যে কোথায় উঠবে তার কোন নিশ্চয়তা নেই—বাজাবে তাদের কাছ থেকে ল.ঠ করে পয়সা নিয়ে নেওয়া হচ্ছে এবং বেশি দামে তাদের আলু বসাতে হচ্ছে। আর যখন তারা আল, তুলতে যাচ্ছে তখন আল,র দর হয়ে যাচ্ছে ৬।৭।৮ টাকা মন। সেই আলাই আবার বছরের শেষে ৩০।৩৫ টাকায় কিনতে হচ্ছে। এই আলার অবস্থা দেখলেই বোঝা যায় যে কেমন করে বিশ তথলা বাড়ছে। আগে এই রকম বাজার ছিল না। কোল্ড স্টোরেজ বাড়ার সংখ্য সংখ্য দামও বেড়ে যাচ্ছে। কোল্ড স্টোরেজ যদি বারোয়ারীভাবে রক্ষার বারস্থা থাকত তাহলে সাবিধা হত। কিন্ত আজকে তার উল্টোটা হচ্ছে। তার কারণ হচ্ছে মানাফাখোররা আজকে আলার বাজারে প্রবেশ করেছে। সাতরাং একটা জিনিস দেখা যায় সেটা হচ্চে দ্বিতীয় তৃতীয় পঞ্চবাধিকী পরিকল্পনার উদ্দেশ্য যাই হোক ক্রমাগত বিশ্ভখলা বেড়ে যাচ্ছে এবং মানুষের কোন জিনিসের নিশ্চয়তা নেই। প্ল্যান্ড ইকর্নমির প্রশ্ন এখানে আসে না। আজকে বাংলাদেশের যেসব জায়গায় পাট হয় ধরনে আমার বর্ধমান জেলার প্রেস্থলীর এক একটা গ্রাম থেকে ২।৩ হাজার থেকে শ্রে করে ২৫।৩০ হাজার টাকা চাষীদের পাটের দামে লোকসান দিতে হয়েছে। এটা শুধ্য চাষীদের যায়নি, সেই টাকা মফঃস্বলের বাজারে আসত, অন্যান্য বাজারেও খারন্দারের আম্দানী হত, জিনিসপত্রের কেনা-বেচা হত। কিন্তু তা না হয়ে সেই লক্ষ লক্ষ টাকা বিদেশী সাপেদের ঘরে ঢুকেছে। তবে দেশী সাপেদের ঘরেও কিছু যাচ্ছে। কিন্ত সেই টাকা যদি চাষীর ঘরে যেত তাহলে সেই টাকা দেশেই ব্যয়িত হত এবং বাংলাদেশে কটির-শিলেপ ও অন্যান্য শিলেপ উৎপন্ন পণ্য আরও বেশি কয়িত হয়ে দেশের সম্পদ ও শক্তি বিদ্ধি হওয়ার পক্ষে সূর্বিধা হত।

# [11-2] to 11-30 a.m.]

যাহোক এই সঙ্গে সঙ্গে এখানে আমি যা বলবার ঠিক করেছিলাম. তার অনেকাংশই শিক্ষা সন্বন্ধে বলা হয়েছে, তবে একটা কথা এখানে বলা দয়কার যে এখানেও তাঁদের সমাজতকের আমরা আশা করিছ না। কিন্তু ধনতান্ত্রিক বিকাশে শিলেপায়য়নের যেট্কু মাত্র প্রয়োজন, তার উলটা দিকে চাকা ঘ্রতে আমরা দেখছি। বর্ধমান সহরে একটা ইউনির্ভাসিটি করা হয়েছে। মুখ্রমন্ত্রী মহাশয় বলেছেন যে ৬টি ইউনির্ভাসিটি হবে, এটা তার একটা। বর্ধমান সহরে যে বিশ্ববিদ্যালয় হয়েছে, সেই বিশ্ববিদ্যালয় টেকনিকালে বায়াস্ হবে এমন কথা তাতে বলা হয় নাই। টেকনিক্যাল বায়াস্ যেখানে দেওয়া হবে, ইউনির্ভাসিটিয় যে সব জেলা আওতায় এসেছে, সেখানকার দকুলগ্লির কয়টিতে বিজ্ঞান শেখানের বাবন্ধা হয়েছে; কয়টিতে টেকনিক্যাল এডুকেশন দেবার বাবন্ধা হয়েছে? তার কলেজগ্রালতে লেবরেটরীর কি অবন্ধা? এখান থেকে পাস করলে পরে কবে ইউনির্ভাসিটিতে আসবে তাঁদের সেগ্রাল একবার তলিয়ে দেখা উচিত।

কংগ্রেসের একজন সমর্থক, বর্ধমান সহরের একজন ডাক্তারবাব্ বললেন তাঁর ছেলে পাস করেছিল কাস নাইন-এ অন্য জারগায়, সেখানে সায়েদেসর ক্রাস ইলেভেন স্কলের ক্রাস এইটে মান্টারদের ধরে জান্য়ারী মাসে বছরেব গোড়ায় জাের করে তাকে ভতি করে দিয়েছেন। এইটা পাস করবার পর তাঁর আশাছিল যে ছেলে এইটি পাসেণ্ট নম্বর পেয়েছে অংকে, সিক্স্টি পারসেণ্ট নম্বর পেয়েছে ইংরেজীতে, সেই ছেলে অটোমেটিকেলী সায়েদ্স পাবে। কিন্তু ভেট ইন্টালজেন্স টেন্টের পরীক্ষায় ফেল করা হলাে। এই ইন্টোলজেন্স টেন্ট সে আর পেরােতে পারল না. এমন অবস্থা দাড়িয়ে গেল। যে ছেলে মাথেমাটিকসে এইটি পাসেণ্ট মার্কস্পেয়েছে, ইংরেজীতে পেয়েছে ওভার সিক্সটি পাসেণ্ট মার্কস্, সে ইন্টোলজেন্স টেন্ট পেরেলে না! এটা অস্বাভাবিক কিছা নয়। বাংলাদেশের ডি, পি, আইকে এখনই ঘাঘ আর ঘাই বাাখ্য করতে বললে, তার্মি নিশ্চিত জানি, তিনি তা করতে পারবেন না। বাংলাদেশের পল্লিপ্রামে অনেক কিছা সহজ সরল বােধা ভাষা আছে, যাতে ইনটোলজেন্স টেন্ট করলে দ্বয়ং মুখামন্তী মহাশয়ও ফেল করবেন। এই ইন্টোলজেন্স টেন্ট দিয়ে যে সব প্রতিভা দীণত হয়ে উঠবে, তাকে কেথায় নিবিয়ে দেওয়া হছে। মানুষের ভবিতবের মত বলা হছে যে তাঁরা লিখন দিয়ে সব ঠিক করে দেবেন কান ছেলে কি হবে!

এখানে যে মালটিপার্পান্ত সিন্টেমের কথা বলা হয়েছে, কিপ্তু যে দেশে এর উদ্ভব, সেই আর্মেরকায় এই মালটিপার্পান্ত সিন্টেমের কথা বলা হয় নাই। সেখানে বলা হয়েছে ট্রাক্ সিন্টেম। আজ মান্মকে ভাগ ভাগ করে যেমন করে ফ্যান্ডার্ডিজেসন হয়, তেমনি দাগ মেরে মেরে ভবিতব্য ঠিক করে দেওয়া হছে; বোধহয় ভূমিন্ট হবার আগে তা করা কর্তব্য। এখানে ১৪ বছর ১৫ বছর পরে মান্টার মশায়দের কাছ থেকে এক্সপেক্ট করা হছে, তারা তাগা বে'ধে দিয়ে দেবেন। অনেককে ফেল করে দিয়েছেন, দেবেন, এমন অনেক ছেলে আছে, আমার ব্যক্তিগত দ্ট্রান্ত জানা আছে, এখান থেকে ফেল করে গিয়ে বিলেতে উইক্লি ২০ থেকে ২৫ পাউন্ড রোজগার করছে মেকানিক্যাল ড্রাফট্স্মান হিসেবে। আজ এখানে মহীতোষবাব, বলেছেন একটি ছেলে এখানে ফেল করে জার্মানীতে চাকরী পেয়ে চলে গেছে। অর্থাৎ এখানে আমাদের যে ছেলেদের কদর নাই, এখানে ওখানে গিয়ে কদর হছে, সেখানে তারা রোজগার করছে। ঐ সব বৈজ্ঞানিক ব্যাপার। এই স্তুরে ধনতান্ত্রক শিলেপায়য়নের কথা বললাম। আজকে তাদের শিল্পোয়য়ন হয়ে গেছে। অন্যানারা শিক্ষা বাঁচানো স্ব্রু করেছেন। বিশেষভাবে এখন পরীক্ষা করে সামান্য সামান্য ছেলে নেবা, এই রকম আর্মেরিকা ও ইংলাণ্ডে স্বরু হয়েছে। আজকে সেটা অন্করণের ব্যাপার নয়। আজকে রাশিয়া বা অন্যান্য যে সব দেশ শিলেপায়য়ন করেছে, তাদের অনুকরণের প্রয়াস শিক্ষার দিক থেকে করা যেতে পারে।

#### A.I.C.C. Economic Review.

#### তে বলেছেন

They have probably the best education in the entire world তা যদি প্রধানমন্ত্রীর ধারণা হয়, এটা দেখা উচিত সেখানে কি আছে? উল্টো এখনকার শিক্ষা গ্রহণ করবার জন্য হুমায়ুন কবীর সেখানে গিয়েছিলেন এবং unfortunately, they have no intelligence test.

কেন? আন ফরচুনেটলি কেন? তার ফরচুনটা কি সে? আরো কিছ্ লোক লনটোলিজেন্স টেন্টএ পাস করিয়ে চাকরীর ব্যবন্থা সারা ভারতবর্ষে ইনটোলিজেন্স টেন্টটা ভেসটেত ইনটারেন্ট করবো, সেই ব্যবন্থা রাশিয়ায় নাই। কিন্তু আন ফরচুনেটাল এখনে তারা এই ব্যবন্থা করছেন। আর্মেরিকার কি দুটোন্ত! এই শিক্ষা যখন তাঁরা গ্রহণ করেছিলেন, তখন তাঁদের শিলেপাল্লয়নের হয়ে গিয়েছিল। তখন তাঁদের কি অবন্থা? উনিবিংশ শতাব্দিতে তাদের শিলেপাল্লয়নের কি অবন্থা ছিল জার্মানীতে? বিসমার্ক ইতিহাসে লিখেছেন যে, বিসমার্ক ন্বয়ং দকলারশীপ সম্তা করে দিয়েছিলেন বিজ্ঞানে, কেমিন্দ্রীতে সমতা করেছিলেন। তাদের যে কোন ছেলে সামান্য একট্র চেণ্টা করলে সে দকলারশিপ পাবে। তার উন্দেশ্যে কি? আমি অর্থনীতিতে পড়েছি, শিক্ষার ইতিহাসে নয়। তার উন্দেশ্য ছিল, ইংল্যান্ড তাড়াতাড়ি লোকালে দকীল হয়েছে দাবী করে, সেই দকীল মিথা প্রমাণিত করে দেব। এত বেশী দকীল তৈরী করলে সম্তা হয়ে যাবে। যে কোন ক্যাপিটালিন্ট সাহস করে এটা ইন্ডেন্ট করতে পার্বে এবং তার ন্বারা জার্মানীর ইন্ডান্ড্রী তৈরী হবে। আমেরিকাতেও তাই হয়েছিল। ইংলেজ সে কথা দ্বীকার করেছেন। পরবত্বীকালে তাদের যে শিক্ষার উন্নতি হয়েছে।

Immensely greater natural resources of employment and provision of scientific and technical education provided by far sighted Government in Germany more and more every year.

এ আমি কোন কম্নিট বই থেকে বলছি না, এটা সোস্যাল হিণ্ডি অফ ইংল্যান্ড থেকে পডছি, যদি আমাদের অন্করণ করতে হয়, তাহলে আজকের দিনে আমি যে কথা বলছিলাম, যারা যেমন শিলেপাল্লয়নের বাবস্থা করছে, সেই সব দেশে কিংবা অতীতে শিলেপাল্লয়নের সময় যা তাঁরা করেছিলেন সেটা দেখা উচিত। সেখানে হচ্ছে ৫০ বছর আগে পশ্চিম জার্মানীতে ইনটেলিজেন্স টেস্ট বলে কোথাও কিছু ছিল না। স্কুতরাং এই গভর্পমেণ্টকে আবার অনুরোধ করবো যে বর্ণাশ্রম বিড্নিত দেশে আবার নৃতন বর্ণাশ্রমের বাবস্থা করবেন না। আরো নানা

